Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

3135

৩৪

ঋগ্বেদীয় মন্ত্র-সংকলন

LIBRARY
No. 3135/1/1
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঋগ্বেদীয়

মন্ত্র-সংকলন

শ্রীশৈলেন্দ্রনাথ সিংহ
কর্তৃক সংকলিত

শ্রীগুরু লাইব্রেরী
২০৪, কর্ণওয়ালিস ষ্ট্রীট
কলিকাতা-৬

মূল্য—১৷৹ মাত্র।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীভুবনমোহন মজুমদার, বি, এস্‌সি
শ্রীগুরু লাইব্রেরী
২০৪, কর্ণওয়ালিস ষ্ট্রীট্
কলিকাতা-৬

ডক্টর শ্রীযতীন্দ্র বিমল চৌধুরী ও পণ্ডিত শ্রীঅমরেন্দ্রমোহন তর্কতীর্থ
মহাশয় এই ঋক্‌-সংকলন কার্যে নানাপ্রকারে অকুণ্ঠভাবে
সাহায্য করিয়াছেন
এবং
বর্তমান সময়ে পুস্তক প্রকাশের বহু অসুবিধার মধ্যেও
শ্রীগুরু লাইব্রেরীর স্বত্বাধিকারী
শ্রীভুবনমোহন মজুমদার মহাশয়
ইহা ছাপিবার ব্যবস্থা করিয়াছেন।

—প্রথম মুদ্রণ—
ফাল্গুন ১৩৫৮

মুদ্রাকর
শ্রীপরেশচন্দ্র মণ্ডল
বাণী বিচিত্রা প্রেস
৩১।১ ঘোষ লেন
কলিকাতা—৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১/১

ভূমিকা

বেদের চর্চা পণ্ডিত ব্যক্তিদিগের মধ্যেই সীমাবদ্ধ। তাহার প্রধান কারণ সাধারণ পাঠকের উপযুক্ত বাঙ্গালা ভাষার বেদ সম্বন্ধে কোন গ্রন্থ নাই। সহস্র সহস্র বৎসর পূর্বে হিন্দুর ক্রিয়াকর্মে যে বৈদিক মন্ত্র উচ্চারিত হইত, এখনও সেই সকল মন্ত্র উচ্চারিত হইয়া থাকে। কিন্তু মূল বেদ কি প্রকার গ্রন্থ সে সম্বন্ধে অনেকের বিশেষ কোন ধারণা থাকা সম্ভব নহে। মুদ্রাযন্ত্রের কল্যাণে রামায়ণ, মহাভারত, গীতা যেরূপ সহজলভ্য হইয়াছে বেদ এখনও সেরূপ হয় নাই। তাহার কারণ বেদ গ্রন্থ হিসাবে যেমন বিরাট তেমনি ইহার ভাষা, সংস্কৃতজ্ঞ ব্যক্তির পক্ষেও দুর্বোধ। শ্রম সহিষ্ণু পণ্ডিত ভিন্ন কাহার ও বেদ পড়িবার সুবিধা নাই।

'বেদ' অর্থে জ্ঞানগ্রন্থ। ঋক্, যজুঃ, সাম ও অথর্ব, এই চারি বেদের মধ্যে ঋগ্বেদ প্রাচীনতম। শাস্ত্রমতে বেদ মনুষের সৃষ্ট নহে, বেদমন্ত্র ঋষিদিগের নিকট প্রতিভাত হইয়াছিল। বেদের রচয়িতা সম্বন্ধে শাস্ত্রীয় মত ও বিচার বুদ্ধির বিরোধ থাকিলেও ইহা স্বীকৃত যে ঋগ্বেদের ন্যায় প্রাচীন গ্রন্থ পৃথিবীর অন্য কোন জাতির নাই। ইহার আরও বিশেষত্ব এই যে মন্ত্রসমূহের মূলরূপের কিছুমাত্র পরিবর্তন ঘটে নাই। রামায়ণ, মহাভারত ও গীতার পাঠান্তর পাওয়া যায়। কিন্তু ঋগ্বেদের মন্ত্র সহস্র সহস্র বৎসর পূর্বে যেরূপ ছিল, এখনও ঠিক তেমনি রহিয়াছে।

ঋগ্বেদের মন্ত্র সমূহ অগ্নি, ইন্দ্র, বায়ু, বরুণ প্রভৃতি দেবতাদিগের উদ্দেশ্যে রচিত হইলেও ঐ সকল মন্ত্রের উক্তি হইতে বৈদিক যুগের ঐতিহাসিক, ভৌগলিক, সামাজিক রীতিনীতি, ধর্মবিশ্বাস প্রভৃতি সম্বন্ধে বহু তথ্য অবগত হওয়া যায়। ইহা একাধারে ইতিহাস, দর্শন ও কাব্যগ্রন্থ।

বেদের আলোচনা করিয়া গ্রন্থকার যে আনন্দ লাভ করিয়াছেন অপরকে তাহার অংশীদার করিবার প্রেরণাই এই সংকলনের প্রধান কারণ। গ্রন্থকারের নিকট যে যে মন্ত্র বিশেষ হৃদয়গ্রাহী বলিয়া মনে হইয়াছে তিনি সেই সকল মন্ত্র ইহাতে সংগ্রহ করিয়াছেন। এই জন্যই কোন কর্মানুসরিণী সংগ্রহ-পদ্ধতি ইহাতে পরিলক্ষিত হয় না।

বেদ প্রাচীনতম ধর্মগ্রন্থ। হিন্দুরা ইহার পঠন-পাঠন পুণ্যজনক মনে করেন, এই হিসাবে ইহার যত বেশী প্রচার হয় ততই ভাল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অখণ্ড বেদের যে সকল অখণ্ড অনুবাদ ইতঃপূর্বে প্রকাশিত হইয়াছে, সাধারণের পক্ষে তাহা সংগ্রহ করা সম্ভব নহে। এই জন্য অল্প হইলেও বঙ্গানুবাদ সহিত গ্রন্থখানি বেদজিজ্ঞাসু ব্যক্তিদিগের বিশেষ উপকারে আসিবে।

প্রাচ্যবাণী মন্দির
৩, ফেডারেশন ষ্ট্রীট
কলিকাতা—৯

শ্রীযতীন্দ্র বিমল চৌধুরী

বৈদিক মন্ত্রের উচ্চারণ

বৈদিক মন্ত্র যথাযথ উচ্চারিত হইলে উহা অতিশয় শ্রুতি মধুর হয়। বাঙ্গালা ভাষায় বহু সংস্কৃত শব্দ বিদ্যমান থাকিলেও তাহার উচ্চারণ সংস্কৃতের নিয়মে হয় না। একারণ উপযুক্ত গুরুমুখে শিক্ষা গ্রহণ না করিলে বৈদিক মন্ত্রের ঠিক ঠিক উচ্চারণ করিতে পারা সম্ভব নহে। তথাপি বৈদিক তথা সংস্কৃতের উচ্চারণ পদ্ধতি সম্বন্ধে মোটামুটি সংকেত দেওয়া যাইতেছে।

১। হ্রস্ব ও দীর্ঘ স্বর, হ্রস্ব ও দীর্ঘ করিয়া উচ্চারণ করিতে হয়। হ্রস্ব দীর্ঘ স্বরের যথাযথ উচ্চারণই সংস্কৃত ছন্দের মূল সূত্র। ২। যুক্ত বর্ণের প্রত্যেকটি বর্ণ স্বতন্ত্র উচ্চারণ করিতে হয়। যথা চক্ষুষে (চক্‌ষুষে), আত্মা (আত্‌মা)। ৩। ঃ-এর উচ্চারণ হ্‌ এর ন্যায়। যথা আপঃ (আপহ্‌), শুচিঃ (শুচিহ্‌)। ৪। য য়-র উচ্চারণ ইঅ্‌-র ন্যায়। যথা যমঃ (ইঅমহ্‌), বরেণ্যম্ (বরেণিঅম্)। ৫। শ ষ স-এর উচ্চারণ ভিন্ন প্রকারের। শ-এর উচ্চারণ শরৎ শোভা বলিতে যেরূপ শ উচ্চারণ করিয়া থাকি। ষ-এর উচ্চারণ বাঙ্গালা ভাষায় নাই। ইহার উচ্চারণ কতকটা খ এর ন্যায়। স অনেকটা ছ-এর ন্যায় উচ্চারিত হয় —স্থান, হস্তি প্রভৃতি শব্দে যেরূপ স এর উচ্চারণ করি।

ইহা ব্যতীত সংস্কৃতে (ক) ণ অনেকটা ড়ঁ-এর ন্যায় উচ্চারিত হয়। (খ) বর্গীয় ব ও অন্তঃ ব-এর উচ্চারণ স্বতন্ত্র। (বর্তমান সংকলনে দুই ব স্বতন্ত্রভাবে ছাপা হইল না)। বাঙ্গালায় আমরা যে ব উচ্চারণ করি তাহা বর্গীয় ব-এর উচ্চারণ। অন্তঃ ব ওঅ্‌-এর ন্যায় উচ্চারিত হয়। যথা বাক্ (ওআক্) বিদ্বান্ (বিদ্‌ওআন্)। (গ) বৈদিক সংস্কৃতে দুইটি ল আছে। (বর্তমান সংকলনে এক প্রকার ল-ই ছাপা হইল) সংকলনের ১৩ পৃষ্ঠায় প্রথম মন্ত্রের দ্বিতীয় চরণে 'সমূলহমস্তু'-এর ল অপর প্রকারের ল। ইহার উচ্চারণ অনেকটা ঢ়-এর ন্যায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No 1/1
Shri Shri Ma Anandamayee Ashram

ঋগ্বেদের সংক্ষিপ্ত পরিচয়

প্রচলিত মতে বেদ 'অপৌরুষেয়' কোন মানুষে ইহা রচনা করে নাই। ইহা ব্রহ্মের মুখনিঃসৃত ধর্মশাস্ত্র—অনাদিকাল হইতে বিদ্যমান—ইহার উক্তি অভ্রান্ত। ঋষিরা বেদ-মন্ত্রের দ্রষ্টা মাত্র (মন্ত্রদ্রষ্টারঃ) রচয়িতা নহেন। এই মতের সমর্থনে বহু শাস্ত্রবাক্যও রহিয়াছে।

পক্ষান্তরে দেখা যায় বেদ-সংহিতার বিভিন্ন অংশের সহিত ঐ অংশের রচয়িতার নামও রহিয়াছে। মন্ত্রের উক্তি হইতেও পাওয়া যায়, যে বিশেষ কোন ঋষি বিশেষ এক দেবতার তুষ্টি বিধানের জন্য স্তোত্র রচনা করিলেন। যেমন পাই আমরা কাশীরাম দাসের মহাভারতে এবং কৃত্তিবাসের রামায়ণে ভণিতারূপে কবির আত্মপরিচয়ে।

"ধেনুং ন ত্বা সূয়বসে দুদুক্ষন্নুপ ব্রহ্মাণি সসৃজে বসিষ্ঠঃ।" (৭।১৮।৪) —ধেনু হইতে দুগ্ধ-দোহনের ন্যায়, হে ইন্দ্র, তোমা হইতে প্রার্থিত বস্তু লাভের জন্য বসিষ্ঠ এই স্তোত্র রচনা করিতেছেন।

ঋষিরা তাঁহাদের উপাস্য দেবতাদিগের উদ্দেশ্যে নিজমুখে স্তব রচনা করিতেন তাহাও পাওয়া যায়। কণ্বপুত্র মেধাতিথি বলিতেছেন "অয়ং স্তোমঃ বিপ্রেভিঃ অসয়া চকারি" (১।২০।১)—বিপ্র, অর্থাৎ মেধাবিগণ এই স্তোত্র নিজমুখে রচনা করিয়াছেন।

ঋগ্বেদের মধ্যে এই প্রকার উক্তি এত অধিক যে তাহা হইতে স্বভাবতই সিদ্ধান্ত করিতে হয় যে ঋষিরাই ঋগ্বেদের রচয়িতা।

ঋক্ সাম যজুঃ ও অথর্ব এই চারি বেদের মধ্যে, ঋগ্বেদ সর্বাপেক্ষা প্রধান ও প্রাচীন। প্রাচ্য ও পাশ্চাত্ত্য পণ্ডিত, সকলেই ইহাকে পৃথিবীর যাবতীয় মানব জাতির আদিগ্রন্থ বলিয়া স্বীকার করিয়াছেন। ঋগ্বেদের আরও বৈশিষ্ট্য এই যে ইহা অতি পুরাতন হইলেও ইহার মূল রূপের কিছু মাত্র বিকৃতি হয় নাই।

ঋগ্বেদের ঋক্*, মন্ত্র বা স্তোত্রগুলির রচনা কাল সম্বন্ধে পণ্ডিতদিগের পরস্পর মতভেদ রহিয়াছে। মার্টিন ও কোলব্রুকের মতে উহা

* ঋক্, মন্ত্র, স্তোত্র, একার্থ বাচক।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

খৃষ্টপূর্ব ২০০০ হইতে ১৪০০ মধ্যে রচিত। ম্যাকস্‌মূলার বলেন ঋগ্বেদীয় স্তোত্র রচনার কাল খৃষ্টপূর্ব ১৫০০ হইতে ১০০০ বৎসর মধ্যে। বাল গঙ্গাধর তিলকের মতে উহার রচনা কাল খৃষ্টপূর্ব ৫০০০ বৎসর। প্রত্যেকেই তাঁহাদের মতের সমর্থনে যুক্তির অবতারণা করিয়াছেন। কাজেই ঋগ্বেদের বয়স সম্বন্ধে নিশ্চিত কোন সিদ্ধান্তে উপস্থিত হওয়া অসম্ভব।

প্রাচীন ভারতের বহু ধর্ম ও সাহিত্য গ্রন্থের রচনা কাল সম্বন্ধে নির্দিষ্ট করিয়া কিছু বলা সম্ভব নহে। বিশিষ্ট পণ্ডিতেরা ইহা লইয়া বহু গবেষণা করিয়াছেন এবং করিতেছেন। পরস্পরের সিদ্ধান্তের পার্থক্য অনেক স্থলে কয়েক শত বৎসর নহে, কয়েক সহস্র বৎসরের। ভাষা বিচার করিয়া এবং গ্রন্থের বিষয়-বস্তুর আলোচনা করিয়া কোন্ গ্রন্থ পূর্ববর্তী ও কোন্ গ্রন্থ পরবর্তী তাহাই কতকটা জানা যাইতে পারে। মাত্র ভাষা বিচার করিয়া কোন সিদ্ধান্ত গ্রহণ করাও অনেক ক্ষেত্রে নিরাপদ নহে। কারণ দেখা যায়, পরবর্তী গ্রন্থকার তাঁহার পূর্ববর্তী কোনও স্বনামধন্য রচয়িতার রচনাভঙ্গীর অনুকরণ বা অনুসরণ করিয়াছেন। রচনার কাল নির্দেশে যেমন এই সকল সমস্যা দেখা দেয়, রচয়িতা নির্দ্ধারণ ও তেমনি সমস্যাজড়িত। একই নামের একাধিক রচয়িতার লেখা যেমন পাওয়া যায়, তেমনি পাওয়া যায় একই লেখক তাঁহার বিভিন্ন রচনার মধ্যে ভিন্ন ভিন্ন নামে আত্মপরিচয় দিয়াছেন।

প্রাগৈতিহাসিক কালে এমন এক সময় ছিল যখন ভারতীয় আর্যেরা ও ইরানীয়েরা একত্রে একই ভূখণ্ডে একজাতিরূপে বাস করিতেন। এই আদি আর্যগণের আদি বাসস্থান কোথায় ছিল সে সম্বন্ধে পণ্ডিতেরা একমত নহেন। কেহ বলেন মধ্য এসিয়া, কেহ বলেন উত্তর মেরু, আবার কাহারও মতে ঐ স্থান জার্মানী।

ইরানীয়েরা ও ভারতীয় আর্যেরা এক সময়ে যে একই জাতি ছিলেন তাহার নিদর্শন রহিয়াছে। ইরানীয়েরা, অর্থাৎ যাঁহাদিগকে আমরা পারসীক বলি, তাঁহাদের ধর্মগ্রন্থ 'আবেস্তা'য়, বেদোক্ত, বায়ু, সোম, যম, মিত্র অসুর প্রভৃতি দেবতাকে বয়ু হোম যিম মিথ্র, অহুর রূপে দেখিতে পাই। আবেস্তার যে অংশ প্রাচীন, তাহার ভাষার সহিত বৈদিক ভাষার যথেষ্ট মিল আছে। এক জাতি ও একই ভূখণ্ডের অধিবাসী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

না হইলে, এই প্রকারের ভাষার মিল, ও উপাস্য দেবতার মিল থাকিবার আর কোন যুক্তিযুক্ত কারণ থাকিতে পারে না।

বৈদিক ভাষা—আর্যজাতির এক অংশ, যাঁহারা ভারতবর্ষে প্রবেশ করিয়া বসবাস করিতে আরম্ভ করিলেন, তাহাদিগের মধ্যে কবি-প্রতিভা সম্পন্ন মনীষিরা ঐ সময় হইতে ঋগ্বেদীয় স্তবগুলি রচনা করিতে আরম্ভ করিলেন। যে ভাষায় বেদ রচিত হইতে লাগিল তাহা তৎকালে আর্যদিগের কথা বলিবার ভাষা ছিল। কালে ঐ ভাষা নানা পরিবর্তনের মধ্য দিয়া, অবশেষে পাণিনীয় ব্যাকরণের বাঁধাধরা নিয়মের মধ্যে আসিয়া সংস্কৃত ভাষায় পরিণত হইয়াছে। পাণিনির সময়কাল খৃষ্টপূর্ব ৫ম শতাব্দী। আমরা যে সংস্কৃত ভাষার সহিত অল্পাধিক পরিচিত, তাহা পাণিনি কর্তৃক সংস্কৃত হইবার পরের ভাষা। এই ভাষা শিক্ষিতজনের লিখিবার ভাষা। কিন্তু সাধারণের মধ্যে কথাবার্তা বলিবার ভাষা ছিল কি না সন্দেহ। অপর পক্ষে, বৈদিক ভাষা তৎকালে আর্যদিগের কথা বলিবার ভাষা ছিল। কাজেই উহা পাণিনীয় সংস্কৃতের পূর্বরূপ অথবা বৈদিক সংস্কৃত।

ঋগ্বেদ ছন্দোবদ্ধ কবিতায় রচিত। বৈদিক ছন্দের মধ্যে গায়ত্রী ত্রিষ্টুপ্, অনুষ্টুপ্ ও জগতী, এই কয়টি প্রধান। সমগ্র ঋগ্বেদ সংহিতায় ঋক্ অর্থাৎ মন্ত্র সংখ্যা মোটামুটি দশ হাজার। এই মন্ত্রগুলি, বিক্ষিপ্ত ভাবে ভিন্ন ভিন্ন ঋষি বা কবিদিগের বংশে পুরুষ পরম্পরায় মুখে মুখে চলিয়া আসিতেছিল। লিখিয়া রাখিবার কৌশল তখনও আবিষ্কৃত হয় নাই। *

যজ্ঞানুষ্ঠানকালে স্বর সহযোগে মন্ত্রসমূহ আবৃত্তি করা হইত। এইরূপে বহু শতাব্দী ধরিয়া স্মৃতির সাহায্যে উহা পরবর্তী বংশধরদিগের নিকট পৌঁছিল। তাঁহারা তাঁহাদের পূর্বপুরুষ হইতে প্রাপ্ত এই অমূল্য সম্পদ অতিশয় পবিত্র জ্ঞানে রক্ষা করিয়া চলিলেন। মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন ঐ মন্ত্রসকল সংগ্রহ করিয়া, সেগুলিকে তাহার রচয়িতা

---

* ভারতবর্ষে লিপিবিদ্যার উদ্ভব কোন সময়ে হইয়াছিল তাহা জানা যায় না। প্রাচীনকালে, গ্রন্থাদি, বিশেষ করিয়া ধর্মগ্রন্থ, লিপিবদ্ধ করিয়া রাখা হইত না। মন্ত্র, উপদেশ সমস্তই ঋষিদিগের মুখ হইতে শুনিতে হইত। এ কারণ বেদকে 'শ্রুতি' বলে। প্রাচীনতম ভারতীয় লিপির নিদর্শন যাহা পাওয়া গিয়াছে তাহা মহারাজ অশোকের শিলালেখ ; খৃষ্টপূর্ব তৃতীয় শতকে ব্রাহ্মী লিপিতে লিখিত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুসারে দশটি মণ্ডলে বিভাগ করিয়া 'ঋগ্বেদ সংহিতা'র সংকলন করেন। বেদব্যাসের সংকলনে কোন্ মন্ত্র পূর্ববর্তী, কোন্ মন্ত্র পরবর্তী তাহার পারম্পর্য রক্ষিত হয় নাই। এখন আর এই পারম্পর্য নির্দ্ধারণ করিবার উপায়ও নাই। মন্ত্রের মধ্যে কোনগুলি প্রাচীন ও কোনগুলি অপেক্ষাকৃত আধুনিক, তাহার কিছুকিছু সন্ধান পাওয়া যায়, একমাত্র ভাষাতত্ত্বের সূত্র ধরিয়া।

নারী ঋষিরাও মন্ত্র রচনা করিতেন। পঞ্চম মণ্ডলে বিশ্ববারা, অষ্টম মণ্ডলে অপালা, দশম মণ্ডলে ঘোষা নামে নারী ঋষিদের রচিত মন্ত্র আছে। ইহা ভিন্ন আরও নারী ঋষির নাম ঋগ্বেদে পাওয়া যায়। প্রতি মণ্ডলে অনেকগুলি করিয়া সূক্ত সন্নিবিষ্ট আছে, প্রতি সূক্তে আবার অনেকগুলি ঋক্ বা মন্ত্র। এক একটি মন্ত্রকে আমরা সাধারণ ভাষায় এক একটি শ্লোক ও বলিতে পারি। ঋগ্বেদের এই প্রকার মণ্ডল-বিভাগই সাধারণতঃ গৃহীত হইয়া থাকে।

মণ্ডল-বিভাগ ব্যতীত ঋগ্বেদের অষ্টক-বিভাগও প্রচলিত আছে। তদনুসারে সমগ্র ঋগ্বেদ মোটামুটি সমান আট ভাগে ভাগ করিয়া এক একটি অংশকে এক একটি অষ্টক বলা হয়। যথা—প্রথম অষ্টক, দ্বিতীয় অষ্টক, তৃতীয় অষ্টক ইত্যাদি। প্রতি অষ্টক আবার আটটি অধ্যায়ে বিভক্ত। প্রতি অধ্যায় মধ্যে পাঁচটি বা ছয়টি বর্গ।

ঋগ্বেদের ভাষা বহু শতাব্দী পূর্বের আর্যভাষা। উহার অর্থ পরিষ্কার রূপে বুঝা সহজ নয়। তৎকালে যে ঋকের যে অর্থ ছিল এখন তাহা জানা বিশেষ আয়াসসাধ্য। যাস্ক মুনি প্রণীত 'নিরুক্ত' ও সায়ণাচার্যের ভাষ্য অবলম্বন করিয়া উহার অর্থ বুঝিতে হয়। যাস্কের নিরুক্তে সমগ্র ঋগ্বেদের আলোচনা নাই। একারণ ঋগ্বেদ বুঝিবার জন্য সায়ণভাষ্যই একমাত্র অবলম্বন। সায়ণাচার্য কোনও কোনও মন্ত্রের টীকায় কয়েকটি বিকল্প অর্থ দিয়া এমন কথাও বলিয়া গিয়াছেন যে ঐ মন্ত্রের অন্য অর্থও হইতে পারে। অর্থাৎ, তিনিও স্বীকার করিয়া গিয়াছেন যে মন্ত্রের অর্থ সুনির্দ্দিষ্ট নহে। ঋগ্বেদের ভাষা তাঁহার সময়েই এত পুরাতন ভাষায় পরিণত হইয়াছে যে তাঁহার ন্যায় প্রগাঢ় বেদজ্ঞের পক্ষেও স্থানে স্থানে উহার ঠিক অর্থ নির্ধারণ সম্ভব হয় নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঋগ্বেদের কতকগুলি মন্ত্রের অর্থ দুর্বোধ ও হেঁয়ালী পূর্ণ হইলেও অধিকাংশ মন্ত্রের ভাব সহজ ও কবিত্বময়। আর্যেরা পরিজন লইয়া সাধারণ গৃহীর ন্যায় জীবন যাত্রা নির্বাহ করিতেন। তাঁহারা প্রধানতঃ কৃষিজীবী ছিলেন। মনুষ্য বুঝাইতে "কৃষ্টয়ঃ" শব্দ ব্যবহৃত হইয়াছে (১।৪।৬)। কৃষ্ ধাতুর অর্থ কর্ষণ বা চাষ। তাঁহারা পশু পালন করিতেন। নদী কূলের উর্বরা ভূমি ও গাভীর অধিকার লইয়া যুদ্ধ করিতেন। ধর্মকর্ম বলিতে যাগযজ্ঞই ছিল প্রধান অনুষ্ঠান। তাঁহাদের মধ্যে যাঁহারা মন্ত্র বা স্তোত্র রচনা করিতেন তাঁহারা ঋষি আখ্যা প্রাপ্ত হইতেন। পছন্দ ও সামর্থ্য অনুসারে নানাপ্রাকার বৃত্তি গ্রহণ করিতেন। আত্মরক্ষার্থ ও অনার্যদিগের নিকট হইতে গাভী ও তাহাদের অধিকৃত ভূখণ্ড অধিকার করিবার জন্য প্রয়োজন মত যুদ্ধ করিতেন। বিশ্বামিত্র, বসিষ্ঠ ভরদ্বাজ প্রভৃতি প্রসিদ্ধ ঋষিরাও যুদ্ধে যাইয়া, সৈন্য পরিচালনা করিতেন। ঋষিরা সংসার ত্যাগ করিয়া বনে গিয়া তপস্যা করিতেন এরূপ কথার উল্লেখ ঋগ্বেদে নাই।

সাধারণের পক্ষে ঋগ্বেদ পড়িবার প্রধান বাধা ইহার ভাষা এবং অপর বাধা ইহার বিরাটত্ব। দশ হাজার শ্লোকের পুস্তক অধ্যয়ন করা সহজসাধ্য নহে। অনেকগুলি মন্ত্র আছে তাহার অর্থ নির্দ্দিষ্ট হয় নাই, অনেকগুলি মন্ত্র হেঁয়ালী পূর্ণ। ইহা ভিন্ন, অনেক মন্ত্রের পুনরুক্তি আছে। একাধিক ঋষি, একাধিক দেবতার উদ্দেশ্যে একই প্রকার, এমন কি একই মন্ত্র রচনা করিয়াছেন।

ঋগ্বেদের অধিকাংশ মন্ত্র দেবতাদিগের উদ্দেশ্যে রচিত। স্তব স্তুতি দ্বারা দেবতাদিগের সন্তোষ উৎপাদন করিয়া পার্থিব ধন সম্পদ সুস্থ সবল নিরাপদ দীর্ঘ জীবন লাভ ও শত্রুর বিনাশ সাধন, এই সমস্তই ছিল ঋষিদিগের আকাঙ্ক্ষার বিষয়। আধ্যাত্মিকতা, পরমাত্মা বিষয়ক ও দার্শনিক তত্ত্ব বিষয়ক মন্ত্রও আছে। ইহা ভিন্ন ঋগ্বেদের মধ্যে অন্যান্য যে সকল সম্পদ ও তথ্য রহিয়াছে, তাহা অপূর্ব। সাধারণ পাঠক প্রথমেই দেখিতে পান ইহার বিচিত্র বিচিত্র কল্পনা ও কবিত্বময় উক্তি। অনুসন্ধিৎসু পাঠক পাইবেন তৎকালীন ধর্ম্ম বিশ্বাস, সমাজ ব্যবস্থা, রীতিনীতি, উপজীবিকা প্রভৃতি সংক্রান্ত নানা তথ্য। এই সকল তথ্য ঋগ্বেদের মধ্যে সর্বত্র বিক্ষিপ্ত ভাবে গ্রথিত হইয়া রহিয়াছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বৈদিক দেবতা—ঋগ্বেদের দেবতাদিগের মধ্যে অগ্নি, রুদ্র, বায়ু, মরুদ্‌গণ, ইন্দ্র, বরুণ, মিত্র, সূর্য, সবিতা, পূষা, সোম, উষা,* অশ্বিদ্বয়, দ্যৌঃ ও পৃথিবী ইহারাই প্রধান। স্পষ্টই বোঝা যায় প্রকৃতির বিশেষ বিশেষ ক্রিয়ার পশ্চাতে এক এক জন দেবতা রহিয়াছেন ইহাই তাঁহাদের কল্পনা ছিল। এই সকল প্রাকৃতিক দেবতা ভিন্ন গো, গাভী, পর্জন্যদেব, জল, ক্ষেত্রপতি, রাত্রি ও তাঁহাদের নিকট দেবতা কল্পিত হইতেন। ঋষিরা তাঁহাদের উদ্দেশ্যেও স্তুতি রচনা করিয়াছেন। মানসিক উৎকর্ষ 'শ্রদ্ধা', মনুষ্যোচিত সৎকর্ম 'দান' এবং 'সংজ্ঞান' (ঐকমত্য) ও দেবতা কল্পিত হইয়া স্তুত হইয়াছেন।

বৈদিক দেবতাগণ তিন শ্রেণীতে বিভক্ত। কেহ পৃথিবীর দেবতা, কেহ অন্তরীক্ষের, কেহ স্বর্গের দেবতা। পৃথিবী ও আকাশের মধ্যবর্তী স্থান অন্তরীক্ষ। অন্তরীক্ষের উর্ধে স্বর্গ। অগ্নি, সোম, পৃথিবী, ইহারা পৃথিবীর দেবতা। ইন্দ্র, রুদ্র, মরুদ্‌গণ, বায়ু, পর্জন্য, জল ইহারা অন্তরীক্ষের এবং দ্যৌঃ (স্বর্গ), বরুণ, মিত্র, সূর্য, সবিতা পূষা, উষা, অশ্বিদ্বয়, রাত্রি ইহারা স্বর্গের দেবতা।

ধর্মবিশ্বাসী, আর্যগণ বহুদেববাদী ছিলেন। নানা নৈসর্গিক ব্যাপারের এক এক জন বিশেষ বিশেষ অধিপতি আছেন এইরূপ উপলব্ধি করিয়া তাঁহাদের পূজা করিতেন। তাই বলিয়া, এইখানেই তাঁহাদের চিন্তাধারায় সমাপ্তি ঘটে নাই। বহু দেবতার মধ্যে তাঁহারা একের সন্ধান করিতেছিলেন। এই চিন্তাধারার প্রকাশ বিশ্বামিত্র রচিত ৩য় মণ্ডলের ৫৫ সূক্তে ২২টি ঋকে। তিনি বলিলেন—

যে অগ্নি বেদিতে বিরাজ করেন, তিনিই বনে প্রজ্বলিত হন, আকাশে উৎপন্ন হন, পৃথিবীতে বিকশিত হন। তিনিই উত্তাপরূপে শস্য উৎপাদন করেন। দেবগণের দৈব ক্ষমতায় এক ঐশ্বরিক শক্তিই রহিয়াছে—মহদ্দেবানাং অসুরত্বং একম্ ('অসুর' শব্দের বৈদিক অর্থ প্রাণবান্ বা বলবান্)।

১ম মণ্ডলে, ১৬৪ সূক্তের ৬ষ্ঠ ঋকে দীর্ঘতমা ঋষি বলিলেন।

আমি অজ্ঞান, কিছুই জানি না। একারণ, জ্ঞানী মেধাবিগণের নিকট জিজ্ঞাসা করিতেছি, যিনি এই ছয় লোক (অর্থাৎ বিশ্বভুবন) স্তম্ভন করিয়া আছেন, এবং জন্মরহিত রূপে বিদ্যমান আছেন, তিনি কি সেই এক?—বি যঃ তস্তম্ভ ষট্ ইমা রজাংসি অজস্য রূপে কিমপি স্বিৎ একম্?

---

* ঋগ্বেদে 'উষা', হ্রস্ব 'উ' দিয়া লেখা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সেই এক দেবতার অনুসন্ধানের কথা পাই ১০ম মণ্ডলের ১২১ সূক্তের প্রসিদ্ধ "কস্মৈ দেবায় হবিষা বিধেম" ধূয়াযুক্ত মন্ত্রগুলিতে।

বহু দেবতার মূলে একই দেবতা রহিয়াছেন এই উপলব্ধির পর ঋষিমনে চিন্তা আসিল, সেই যে এক দেবতা তাঁহার স্বরূপ কি? অভিতপা ঋষি বলিলেন 'সত্যই এ জগতের আশ্রয়।'

> সা মা সত্যোক্তিঃ পরি পাতু বিশ্বতো দ্যাবা চ যত্র ততনন্নহানি চ।
> বিশ্বমন্যন্নি বিশতে যদেজতি বিশ্বাহাপো বিশ্বাহোদেতি সূর্যঃ॥ ১০।৩৭।২

স্বর্গ এবং পৃথিবী, দিন ও রাত্রি, যে সত্য বাক্যকে অবলম্বন করিয়া আছে; বিশ্বভুবন, প্রাণিবর্গ যাঁহার আশ্রিত, যাঁহার প্রভাবে জল প্রবাহিত হইতেছে, সূর্য উদিত হইতেছে, সেই সত্যবাক্য আমাকে যেন সর্বত্র সর্ববিষয়ে রক্ষা করে।

ঋগ্বেদের নদী—ঋগ্বেদ রচনার সময়, আর্যেরা ভারতবর্ষের উত্তর পশ্চিম সীমান্তে, সিন্ধুনদের তীরবর্ত্তী অঞ্চলে বাস করিতেন। এই স্থান এখনকার কালের পাঞ্জাব রাজ্য। বেদে অনেক স্থলে 'সপ্ত সিন্ধুর' (সপ্তসিন্ধবঃ) উল্লেখ পাওয়া যায়। এগুলি সিন্ধু ও তাহার ছয়টি উপনদী। দশম মণ্ডলে এক স্থানে, গঙ্গা, যমুনা, সরস্বতী, শুতুদ্রী (শতদ্রু), পরুষ্ণী (ইরাবতী), অসিক্নী (চিনাব) মরুদ্‌বৃধা বিতস্তা, সুষোমা ও আর্জীকীয়া এই দশটি নদীর উল্লেখ আছে। মরুদ্‌বৃধা, সুষোমা ও আর্জীকীয়ার আধুনিক নাম নির্ণয় করা যায় না। 'মরুদ্‌বৃধার' শব্দগত অর্থ নদী। যাস্কের মতে আর্জীকীয়া বিয়াস্ এবং সুষোমা সিন্ধু।

ধর্মসংস্কারে যে গঙ্গা নদীর প্রভাব হিন্দুদিগের উপর এত প্রবল, সেই গঙ্গার নাম একবার মাত্র পাওয়া যায় দশম মণ্ডলে। ৩য় মণ্ডলের একটি ঋকে 'জহ্নাবী'র নাম আছে (৩।৫৮।৬)। সায়ণ উহার অর্থ করিয়াছেন 'জহ্নু কুলজা'—জহ্নু হইতে উৎপন্ন জাহ্নবী অর্থাৎ গঙ্গা। এই অর্থ গ্রহণ করিতে হইলে ধরিয়া লইতে হয় গঙ্গার উৎপত্তি সম্বন্ধে পুরাণে যে কাহিনী পাওয়া যায়, আর্যেরা তাহা জানিতেন। আরও একস্থানে (৬।৪৫।৩১) আছে "উরুঃ কক্ষঃ ন গাঙ্গ্যঃ"—গঙ্গার উন্নত কূলের ন্যায়। ইহার অর্থ গঙ্গা নামক নদী অথবা সাধারণ ভাবে যে-কোনও নদী তাহা নির্দিষ্ট নহে। এই ঋকের সম্পূর্ণ অর্থ এইরূপ ঃ—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গঙ্গার উন্নত কূলের উপর বাস করা যেরূপ বিপদ জনক, সেইরূপ পণিগণের মধ্যে উচ্চস্থানে বৃবুর প্রতিষ্ঠা যে-কোনও সময় বিপদ জনক হইতে পারে। (অনার্যদিগের মধ্যে পণি বংশ ধনাঢ্য ছিলেন, বৃবু তাহাদের নিপুণ সূত্রধর)।

আর্যেরা তৎকালে পাঞ্জাব অঞ্চলেই সীমাবদ্ধ ছিলেন, গঙ্গার উভয় পার্শ্বস্থ সমতল অঞ্চলে বিস্তৃতি লাভ করেন নাই। গঙ্গা তখনও তাঁহাদিগের নিকট দেবী বলিয়া পরিগণিত হন নাই। সরস্বতী নদী তাহার অনেক পূর্বেই দেবী বলিয়া পূজিত হইতেন। নদী সরস্বতী, পরে মন্ত্রের দেবী ও বাগ্দেবীতে পরিণত হইলেন। ঋগ্বেদে সরস্বতীর এই উভয় প্রকার দেবত্বের কথা পাওয়া যায়। বিশ্বামিত্র পুত্র মধুচ্ছন্দা ঋষির তিনটি ঋক্ (১।৩।১০—১২) এরূপ কৌশলে রচিত যে উহাতে সরস্বতীর অর্থ বাগ্দেবী বা নদী-দেবী উভয়ই হইতে পারে।

ঋগ্বেদে যুদ্ধ—আর্যদিগের বিভিন্ন দলের মধ্যেও সময়ে সময়ে যুদ্ধ হইত। এই রকমের একটি যুদ্ধের বিশদ বিবরণ ঋগ্বেদের মধ্যে পাওয়া যায়। সুদাস রাজার সহিত ভরতবংশীয় দশ জাতির যুদ্ধ হইয়াছিল। যুদ্ধে সুদাস জয়ী হন। ঋগ্বেদে যে সকল রাজার উল্লেখ পাওয়া যায় তাহাদের মধ্যে সুদাস প্রসিদ্ধ। সুদাসের পুরোহিত ছিলেন বশিষ্ঠ। ভরতদিগের পুরোহিত ছিলেন বিশ্বামিত্র।

অনার্য, অর্থাৎ ভারতবর্ষের আদিম অধিবাসীদিগের সহিত আর্যদিগের যুদ্ধ লাগিয়াই ছিল। অনার্যেরা যে অসভ্য ছিলেন তাহা নহে। অনার্যদিগের সভ্যতা আর্যদিগের তুলনায় নিম্ন স্তরের ছিল মাত্র। আর্যেরা তাঁহাদের সংঘশক্তি, বুদ্ধির প্রাখর্য ও উন্নততর অস্ত্রবলে অনার্যদিগকে নিজ বাসভূমি হইতে বিতাড়িত করিয়াছিলেন। পরাজিত অনার্যেরা কেহ তাঁহাদের দাস হইয়াছিল, কেহ বনে জঙ্গলে, পর্বত গুহায় আশ্রয় লইয়াছিল। ইঁহাদিগকে তাঁহারা দস্যু, দাস, কৃষ্ণকায়, পিষঙ্গভৃষ্ট (পিঙ্গল বর্ণ), যজ্ঞহীন (অযজ্যানঃ), দেবতাহীন (অদেবাঃ), পিশাচ, ভাষাহীন (অনাসঃ), কুকুরের মত শব্দকারী (রায়তঃ শুনঃ), অপক্ব মাংসাশী (ক্রব্যাদঃ) অমানুষ প্রভৃতি ঘৃণা ব্যঞ্জক আখ্যায় অভিহিত করিতেন। অনার্যেরাও যে ব্যবসায় বাণিজ্য করিতেন তাহার উল্লেখ পাওয়া যায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬ষ্ঠ মণ্ডলে ৭৫ সূক্তের ঋকৃগুলি হইতে আর্যদিগের যুদ্ধাস্ত্রের নাম পাওয়া যায়। এই ঋক্‌গুলি যুদ্ধযাত্রা কালে রাজাকে বর্মাদি পরিধান করাইবার সময় উচ্চারিত হইবার জন্য। যুদ্ধে ব্যবহৃত অস্ত্রশস্ত্রের মধ্যে ধনু ও তীরই ছিল প্রধান এবং গাভী লুণ্ঠন করাই ছিল তাঁহাদের প্রধান আকাঙ্ক্ষার বস্তু। ধন্বনা গাঃ জয়েম—ধনুদ্বারা আমরা শত্রুর গাভী জয় করিব। ধনুর জ্যা গোরুর স্নায়ু হইতে প্রস্তুত হইত। জ্যাঘাত হইতে প্রকোষ্ঠকে (কনুই হইতে মণিবন্ধ পর্যন্ত) রক্ষা করিবার জন্য চর্মবন্ধন করা হইত—তাহার নাম 'হস্তঘ্ন'। লৌহ-মুখ ও বিষাক্ত তীরের উল্লেখ আছে। যোদ্ধারা বর্ম-পরিধান করিতেন। যুদ্ধে ঘোড়া ও রথের ব্যবহার ছিল। যুদ্ধার্থ সম্মিলিত হইবার স্থানে ধ্বজা উত্তোলন করা হইত (৭।৮৩।২) শত্রুদিগকে কিরূপ ভীমবেগে আক্রমণ করিয়া বিধ্বস্ত করা হইত, তাহাদের খাদ্য ও পশু অধিকার করা হইত তাহার বর্ণনা আছে—

অশ্বগণ ভীষণ শব্দ করিতে করিতে সবেগে গমন করিতে থাকে। তাহাদের খুরের আঘাতে ধূলি উড়িতে থাকে। তাহারা (অশ্বেরা) পলায়ন না করিয়া শত্রুগণকে পদাঘাতে তাড়না করে। (৬।৭৫।৭)

আর একটি বর্ণনা—

লোকে যেরূপ বস্ত্রাপহারক তস্করকে দেখিয়া চীৎকার করে, সেইরূপ শত্রুগণ সংগ্রামে দধিক্রাকে * দেখিয়া চীৎকার করে। পক্ষিগণ যেরূপ নিম্নদিকে আগমনকারী ক্ষুধার্ত্ত শ্যেন পক্ষীকে দেখিয়া পলায়ন করে, সেইরূপ লোকে অন্ন ও পশুসমূহের উদ্দেশ্যে আগমনকারী দধিক্রাকে দেখিয়া চীৎকার করে। (৪।৩৮।৫)

স্ত্রীলোকদিগের মধ্যে কেহ কেহ যুদ্ধরথের সারথিত্ব করিতেন। মুদ্গল ঋষির পত্নী মুদ্গলানীর নাম ১০ম মণ্ডলের ১০২ সূক্তে কয়েকটি ঋকের মধ্যে পাওয়া যায়।

"তিনি যখন রথারূঢ় হইয়া সহস্রজয়িণী হইলেন, তখন বায়ু তাঁহার বস্ত্র সঞ্চালিত করিল। গাভীজয়ের সময় মুদ্গল পত্নী সারথি ছিলেন।"

জাতিভেদ—বৈদিক আর্যদিগের মধ্যে জাতিভেদ ছিল না। বুদ্ধি, পছন্দ ও সামর্থ্য অনুসারে যাহার যাহা খুশী বৃত্তি গ্রহণ করিতে পারিত। একই বংশে জন্মগ্রহণ করিয়া ভিন্ন ভিন্ন বৃত্তি গ্রহণের কথা অনেক আছে। ঋগ্বেদে স্থানে স্থানে 'বর্ণ', 'বিপ্র', 'ক্ষত্রিয়', 'ব্রহ্ম', 'ব্রাহ্মণ', কথা কয়টির

* দধিক্রা—অশ্বরূপী অগ্নি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যবহার আছে। কথা কয়টির বৈদিক অর্থ বর্তমান অর্থ হইতে স্বতন্ত্র। প্রয়োগে আছে 'দাসবর্ণ' 'আর্যবর্ণ'। তাহার অর্থ ব্রাহ্মণাদি চারিবর্ণ করা যায় না। বৈদিক 'বিপ্র' অর্থে মেধাবী, 'ক্ষত্রিয়' অর্থে বলবান্, 'ব্রহ্ম' অর্থে স্তোত্র, 'কৃতব্রহ্মা' অর্থে মন্ত্র বা স্তোত্ররচয়িতা।

মণ্ডূকের স্তুতিতে আছে—

সংবৎসরং শশয়ানা ব্রাহ্মণা ব্রতচারিণঃ।
বাচং পর্জন্যজিন্বিতাং প্র মণ্ডূকা অবাদিষুঃ॥ ৭।১০৩।১

সংবৎসর শুইয়া থাকিয়া, মণ্ডূকগণ ব্রতচারী স্তোত্র উচ্চারণ-কারীর ন্যায়, পর্জন্যের প্রীতিকর বাক্য উচ্চারণ করিতেছেন।

একমাত্র দশম মণ্ডলের ৯০ সূক্তে (এই সূক্ত 'পুরুষ সূক্ত' নামে প্রসিদ্ধ) ১২শ ঋকে, সহস্রশীর্ষ পুরুষের মুখ হইতে ব্রাহ্মণ, দুই বাহু হইতে ক্ষত্রিয়, উরু হইতে বৈশ্য ও পদযুগল হইতে শূদ্রের উৎপত্তির কথা আছে। ব্যাকরণবিদেরা বলেন 'পুরুষ সূক্তে'র ভাষা অপেক্ষাকৃত আধুনিক সংস্কৃত—ইহা বৈদিক ভাষা নহে।

খাদ্য—খাদ্য সম্বন্ধে আর্যদিগের কোন প্রকার বিধিনিষেধ ছিল না। আমিষ খাদ্যের মধ্যে মৎস্য, মেষ, ছাগ, পক্ষী, অশ্ব, মহিষ ও বৃষ মাংসের উল্লেখ পাওয়া যায়। যব ছিল তাঁহাদের প্রধান শস্য-খাদ্য। ধান্যের* নাম নাই। অপর খাদ্যবস্তুর মধ্যে দুধ, দই, মাখন, ঘি, মধু, ইক্ষু ও নানা প্রকার ফলের উল্লেখ পাওয়া যায়।

গো-মাংস তাঁহারা খাইতেন। গো-হত্যার জন্য নির্দিষ্ট স্থান ও থাকিত। একটি ঋকে (১।৬১।১২), ইন্দ্রের উদ্দেশ্যে বলা হইতেছে।

"হে ইন্দ্র, তুমি বৃত্রকে (বৃত্র অর্থে জলরোধক মেঘ) বজ্রের দ্বারা প্রহার কর, গোরুর ন্যায় তাহার শরীরের সন্ধিগুলি বজ্র দ্বারা কাটিয়া ফেল, যেন বৃষ্টি ও জল বিচরণ করিতে পারে।"

৬।১৬।৪৭ ঋকে অগ্নিতে গো ও বৃষ আহুতি দিবার কথা আছে। ১০।২৭।২ ঋকে ইন্দ্রের জন্য স্থূলকায় বৃষ রন্ধন করিয়া দেওয়ায় কথা আছে। ১০।২৮।৩ ঋকে আছে "পচন্তি তে বৃষভান্"—তাহারা বৃষ সমূহ পাক করে তুমি (ইন্দ্র) তাহা ভক্ষণ কর। ১০।৮৬।১৩ ঋকে

* ঋগ্বেদে কয়েক স্থানে 'ধানাঃ' কথাটি পাওয়া যায়। সায়ণভাষ্যে উহার অর্থ ভাজা-যব (ভৃষ্টযবান্)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইন্দ্রকে বৃষাকপির বৃষদিগকে ভক্ষণ করিতে বলা হইতেছে। ১০।৮৬।১৪ ঋকে ইন্দ্রের উক্তিতে আছে "আমার জন্য পঞ্চদশ বা বিংশ বৃষ পাক করিয়া দেয়, আমি উহা আহার করিয়া শরীরের স্থূলতা সম্পাদন করি; আমার উদরের দুই পার্শ্ব পরিপূর্ণ হয়।" ১০।৮৭।১৫ ঋকে ইন্দ্রের স্তুতিতে আছে "হে ইন্দ্র, গো হত্যা স্থানে (শশনে ন গাবঃ) গাভীগণ যেরূপ হত হয়, তোমার অস্ত্র দ্বারা, নিহত হইয়া রাক্ষসগণ সেইরূপ পৃথিবীতে পতিত হইয়া শয়ন করে।"

সমাজ-ব্যবস্থা—বৈদিক কালের সমাজ ব্যবস্থা, রীতিনীতি, আচার অনুষ্ঠান, ব্যসন, বৃত্তি মূলতঃ বর্তমান সময়ের মতই ছিল। এই সকলের বাহ্যরূপের কিছু কিছু পরিবর্তন ঘটিয়াছে মাত্র। ঋষিদিগের একমাত্র ধর্মানুষ্ঠান ছিল যজ্ঞকর্ম। ব্যসনের মধ্যে বাজি রাখিয়া পাশা খেলা, এবং অশ্বারোহণে বা রথারোহণে পণ রাখিয়া দৌড়-প্রতিযোগিতার বিস্তারিত উল্লেখ পাওয়া যায়। ১০ম মণ্ডলের সমগ্র ৩৪ সূক্তটি পাশাস্তুতি। যে পাশা খেলে তাহার অবশ্যম্ভাবী দুর্গতি অতি অপূর্ব ভাষায় বর্ণিত হইয়াছে।

সমাজ ব্যবস্থায় পিতাই ছিলেন সংসারের প্রধান। কন্যার বিবাহ পিতাই স্থির করিতেন, আবার কন্যা নিজেও স্বয়ংবরা হইতেন। বিধবার বিবাহ * সুপ্রচলিত ছিল। কন্যারা পিতৃ-সম্পত্তির অংশ পাইতেন। পুরুষেরা সাধারণতঃ এক পত্নীই গ্রহণ করিতেন যদিও বহুবিবাহে বাধা ছিল না। স্ত্রীলোকেরা সুন্দর পোষাক পরিচ্ছদ ও অলংকার পরিয়া সাজিয়া গুজিয়া থাকিতেন। সুবস্ত্রাচ্ছাদিত, সালংকার, সোভন স্ত্রীলোকের উল্লেখ বেদের বহু স্থলে রহিয়াছে।

জীবিকা—সমাজে ধনী ও দরিদ্র উভয় শ্রেণীর লোকই ছিল। আর্যেরা প্রধানতঃ কৃষিজীবী হইলেও জীবিকার জন্য অন্যান্য বৃত্তিও গ্রহণ করিতেন। কেহ কামারের কাজ করিতেন—তাঁহারা কৃষি-যন্ত্র, যুদ্ধাস্ত্র ও গৃহস্থালীর প্রয়োজনীয় তৈজসপত্র প্রস্তুত করিতেন। সূত্রধরেরা, গৃহ, রথ, নৌকা, সমুদ্রগামী জাহাজ প্রভৃতি নির্মাণ করিতেন। চর্মকার,

* ইমা নারীরবিধবাঃ সুপত্নীরাঞ্জনেন সর্পিষা সং বিশন্তু।
অনশ্রবোঽনমীবাঃ সুরত্না আরোহন্তু জনয়ো যোনিমগ্রে॥
উদীর্ষ্ব নার্যভি জীবলোকং গতাসুমেতমুপ শেষ এহি।
হস্তগ্রাভস্য দিধিষোস্তবেদং পত্যুর্জনিত্বমভি সং বভূথ॥ ১০।১৮।৭-৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ক্ষৌরকার, বৈদ্য, গোষ্ঠ-রক্ষক, অশ্বচালক, যবভর্জনকারিণীর উল্লেখ ও অনেক স্থলে রহিয়াছে। আর্যেরা, ধনার্জনের জন্য বিপৎসঙ্কুল সমুদ্রপথে বাণিজ্য করিতেন তাহারও উল্লেখ পাওয়া যায়। (১।৪৮।৩, ১।৫৬।২, ৫।৪।৯)

বেদে বহুস্থানে বয়নকারিণীর উপমা আছে। বোধ হয় তৎকালে সকল গৃহস্থের গৃহেই পরিবারের প্রয়োজনীয় বস্ত্র বয়ন করা হইত। ঐ কাজ সম্ভবতঃ স্ত্রীলোকেরাই করিতেন। কারণ যেখানেই বয়নের কথা আছে, সেখানে তাহা স্ত্রীলিঙ্গ শব্দের দ্বারা উক্ত হইয়াছে। বৈদিক সমাজে দস্যু, তস্কর, ছিল। লোকেরা অন্যান্য অপরাধও করিত।

সোমরস—ঋষিরা সোমরস পান করিতেন। ইহা তাঁহাদের ধর্মসম্মত উত্তেজক পানীয় ছিল। ইহা পানে বিদ্যা বুদ্ধি, বল, কবিত্ব, এমন কি অমরত্ব লাভ হয়, এরূপ উক্তিও আছে। সোমলতা হইতে সোমরস প্রস্তুত হইত। এই সোমলতার এখানকার নাম কি জানিবার উপায় নাই। সোমলতা পাথরে ছেঁচিয়া দশ আঙ্গুল দিয়া চটকাইয়া রস বাহির করা হইত। এ কাজ স্ত্রীলোকেরাই করিতেন। নিষ্কাশিত রস মেষলোমের ছাঁকনিতে ছাঁকিয়া গো-চর্মের পাত্রে (৯।৬৬।২৯) সঞ্চয় করিয়া রাখা হইত।

সোমরস ব্যতীত মাদক পানীয় 'সুরা'র ও উল্লেখ আছে—সুরাপানে অবিবেকতা ঘটে। কুৎসিত মত্ততা সুরাপায়ীকে প্রমত্ত করে। (৭।৮৬।৬, ৮।২।১২)। এজন্য উহা নিন্দিত ছিল।

অগ্নি প্রজ্বলন—আর্যেরা ভারতবর্ষে প্রবেশ করিবার অনেক পূর্বেই আগুন জ্বালিতে শিখিয়াছিলেন ও আগুনের ব্যবহার শিখিয়াছিলেন। অগ্নিই ছিলেন তাঁহাদের প্রথম ও প্রধান দেবতা। অগ্নি ব্যতীত যজ্ঞ হয় না। অগ্নি ব্যবহার করিতে শিখিয়া তাঁহারা উন্নততর সভ্যতার অধিকারী হইয়াছিলেন। কাঠে কাঠে ঘষিয়া তাঁহাদিগকে অগ্নি উৎপাদন করিতে হইত। কোন্ বিশেষ কাঠ হইতে অপেক্ষাকৃত অল্প পরিশ্রমে অগ্নি পাওয়া যায় ইহা তাঁহারা আবিষ্কার করিয়াছিলেন। প্রজ্বলিত অগ্নিতে দিবারাত্র ইন্ধন দিয়া উহা সর্বপ্রযত্নে রক্ষিত হইত। যজমান প্রদত্ত হব্য যজ্ঞাগ্নিই দেবতাদিগের নিকট পৌঁছাইয়া দেন। ঋগ্বেদে, অগ্নি সম্বন্ধে যতগুলি সূক্ত আছে, ইন্দ্র ব্যতীত অন্য কোন দেবতা সম্বন্ধে তত সূক্ত নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মৃতের সৎকার—প্রাগ্‌বৈদিকযুগে আর্যদিগের মধ্যে, মৃতদেহ মাটিতে প্রোথিত করিবার রীতি ছিল। ভারতীয় আর্যেরা পরবর্তী কালে অগ্নি-সংস্কারের প্রচলন করেন। একারণ ঋগ্বেদে উভয় প্রথারই সুস্পষ্ট উল্লেখ পাওয়া যায়। (১০।১৮।১১ ও ১০।১৬।১)

বৈদিক সময়ের অনেক বিষয়ের নানা তথ্য ঋগ্বেদ সংহিতা মধ্যে ইতস্ততঃ বিক্ষিপ্ত হইয়া আছে। তন্মধ্যে সংক্ষেপে কয়েকটি বিষয়ের উল্লেখ করা যাইতে পারে।

অন্যান্য তথ্য—রোগের চিকিৎসায় নানা প্রকার উদ্ভিদ ব্যবহৃত হইত। যক্ষ্মা, কুষ্ঠ ও চিত্রক (শ্বেতী) ব্যাধির উল্লেখ আছে। মন্ত্র পড়িয়া রোগ নিবারণ করা ও বিষ-ঝাড়ার কথাও পাওয়া যায়। অনেকে বলেন এই মন্ত্রগুলি অপেক্ষাকৃত আধুনিক। এই প্রকারের মন্ত্র অথর্ববেদে অনেক রহিয়াছে। পশুদিগের মধ্যে অশ্ব, অজ, মেষ, কুকুর কপি (বানর) বরাহ বৃক, শৃগাল, সিংহ, হস্তী ও উষ্ট্রের নাম পাওয়া বায়। ব্যাঘ্রের নাম পাওয়া যায় না। পক্ষীদের মধ্যে ময়ূর, কপোত, শ্যেন, গৃধ্র চক্রবাক, হংস ও কাকের উল্লেখ আছে। ক্রয় বিক্রয়ের চুক্তি হইত। চুক্তি একবার হইয়া গেলে, পরে আর তাহার পরিবর্তন করা যাইত না। দ্রব্যের মূল্য, গাভীর সংখ্যায় নির্দ্ধারিত হইত। তৎকালে রৌপ্য মুদ্রা ও স্বর্ণ মুদ্রা প্রচলিত ছিল।

পৌরাণিক কাহিনীর বীজ—অনেকগুলি পৌরাণিক কাহিনীর মূল ঋগ্বেদের মধ্যে বীজরূপে পাওয়া যায়। তন্মধ্যে, বৃত্র-সংহার, বশিষ্ঠ-বিশ্বামিত্রের বিরোধ, পুরূরবা-উর্বশী সংবাদ, দেবাসুরের সমুদ্র-মন্থন, বিষ্ণুর বামন অবতারে বলি-শাসন উল্লেখযোগ্য।

ইন্দ্রের স্তুতিতে বহুস্থানে তাঁহাকে 'বৃত্রহন্তা' বলিয়া সম্বোধন করা হইয়াছে। যাস্ক ও সায়ণাচার্য উভয়েই 'বৃত্র' শব্দের অর্থ 'মেঘ' বা 'জল অবরোধকারী মেঘ' বলিয়াছেন। মেঘ, আকাশে জল অবরোধ করিয়া অবস্থান করে, ইন্দ্র তাহাকে বজ্রদ্বারা হত্যা করেন, তাহারই ফলে পৃথিবীতে বৃষ্টি হয়। ফলে কৃষিক্ষেত্র উর্বর হয়, নদীর ক্ষীণধারা বৃদ্ধিপ্রাপ্ত হয়। এই কল্পনা করিয়া ইন্দ্রকে তাঁহার এই সৎকার্যের উল্লেখ করিয়া বারম্বার প্রশংসা করা হইয়াছে। বৃত্রহননের যে বিস্তৃত বিবরণ আছে তাহা হইতে নিঃসন্দেহে জানা যায় ইহা মেঘ হইতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বৃষ্টি পতনেরই কথা। এই রূপক পরবর্তী সময়ে পৌরাণিক বৃত্রসংহার কাহিনীতে পরিণত হইয়াছে।

বশিষ্ঠ ও বিশ্বামিত্র উভয়েই ঋষি ছিলেন। তাঁহারা মন্ত্র রচনা করিতেন, যুদ্ধও করিতেন। সুদাস রাজার সহিত ভরতবংশীয় দশ জাতির যুদ্ধে, দুই জন দুই দলের পুরোহিত ছিলেন। বশিষ্ঠ ও বিশ্বামিত্রের মধ্যে যে একটা বিরোধের ভাব ছিল, ঋগ্বেদে তাহাও রহিয়াছে। পুরাণ রচনার সময় বিশ্বামিত্র ক্ষত্রিয় কুলজাত হইয়া তপস্যা দ্বারা ব্রাহ্মণত্ব লাভ করেন।

১০ মণ্ডলের ৯৫ সূক্তে, উর্বশী ও পুরূরবার একটি অপূর্ব কথোপকথন আছে। 'উর্বশী'র আদি অর্থ উষা। সূর্যোদয়ে উষা অন্তর্হিত হয়। উর্বশী-পুরূরবার কাল্পনিক কথোপকথনের বিষয়বস্তু ইহাই। ইহা হইতে উর্বশী পুরূরবার উপাখ্যান রচিত হইল। এই উপাখ্যান অবলম্বনে মহাকবি কালিদাসের 'বিক্রমোর্বশী' নাটকের সৃষ্টি।

দেবাসুরের সমুদ্রমন্থন উপাখ্যানের মূল ও ঋগ্বেদ। সোমরস ঋষিদিগের অমৃতোপম পানীয়। যে লতা হইতে সোমরস নিষ্কাশিত হইত, শ্যেন পক্ষী তাহা স্বর্গ লইতে পৃথিবীতে আনয়ন করে। সোমের স্তুতিতে, উহার যে গুণাবলী কথিত আছে তাহা পৌরাণিক অমৃতের ন্যায়। স্বর্গধামের নিগূঢ় স্থান হইতে সোমকে দোহন করিয়া আনা হইয়াছে।

আকাশকে ঋষিরা জলীয় পদার্থ মনে করিতেন। আকাশ হইতে বৃষ্টি পড়ে, ইহা দেখিয়াই সম্ভবতঃ তাহাদের ঐ প্রকার ধারণা জন্মিয়াছিল। 'আকাশস্থ সমুদ্র' এরূপ উক্তি বেদের মধ্যে রহিয়াছে। এই সমস্ত বৈদিক উক্তি কালে একত্র হইয়া, সমুদ্রমন্থন ও তাহা হইতে অমৃতের উৎপত্তি কল্পিত হইল।

বামন অবতারে বিষ্ণু, বলিরাজার নিকট ত্রিপাদ ভূমি ভিক্ষা করিয়া তাঁহাকে আবদ্ধ করিয়া রাখিলেন। এই উপাখ্যানের মূলে আছে এই ঋক্‌টি—

ইদং বিষ্ণুর্বিচক্রমে ত্রেধা নি দধে পদম্।
সমূলহমস্য পাংসুরে॥ ১।২২।১৭

বিষ্ণু এই জগৎ পরিক্রম করিয়াছিলেন, তিন প্রকার পদক্ষেপ করিয়াছিলেন। তাঁহার ধূলিযুক্ত পদে জগৎ আবৃত করিয়াছিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বৈদিক 'বিষ্ণু'র অর্থ আদিত্য অর্থাৎ সূর্য। তাঁহার তিন প্রকার পদক্ষেপের অর্থ উদয়, মধ্য আকাশে স্থিতি ও অস্ত গমন।

কতকগুলি শব্দের বৈদিক প্রয়োগ পরবর্তী কালে, অর্থান্তর গ্রহণ করিয়াছে ও উপাখ্যানের উপাদান হইয়াছে। এরূপ শব্দের মধ্যে,—ইন্দ্রের পত্নীর নাম শচী, বিষ্ণুর বাহন গরুড় পক্ষী, স্বর্গাঙ্গনার নাম অপ্সরা ও অর্ধ দেবতা জাতীয় গন্ধর্ব।

'শচী' শব্দের অর্থ কর্ম বা যজ্ঞ। এই অর্থে ইন্দ্রকে শচীপতি, মিত্র ও বরুণকে একত্রে শচীপতিদ্বয় বলা হইয়াছে। উহা হইতে কল্পিত হইল ইন্দ্রপত্নীর নাম শচী। বেদে ইন্দ্রের স্ত্রীর উল্লেখে ইন্দ্রাণী ভিন্ন বিশেষ কোন নাম পাওয়া যায় না—যেমন বরুণ-পত্নী বরুণানী, অগ্নি-পত্নী অগ্নায়ী।

বিষ্ণুর (অর্থাৎ সূর্যের) স্তবে আছে তিনি "সুপর্ণঃ গরুত্মান্‌" অর্থাৎ তিনি পক্ষবিশিষ্ট ও গমনশীল। এই 'গরুত্মান্‌'ই পৌরাণিক বিষ্ণুর বাহন গরুড় পক্ষী হইলেন। 'অপ্সরা'র অর্থ সূর্যদ্বারা আকৃষ্ট জলীয় বাষ্পসমন্বিত মেঘ। এই 'অপ্সরা' কালে অপূর্ব সুন্দরী স্বর্গাঙ্গনা হইলেন। 'গন্ধর্ব' শব্দের আদি অর্থ সূর্য (৯।৮৩।৪, ৯।৮৫।১২ ও ৯।৮৬।৩৬)। ইন্দ্রের 'সহস্রাক্ষ' হইবার কাহিনীর ও বৈদিক মূল পাওয়া যায়। ১।২৩।৩ ঋকে ইন্দ্র ও বায়ু উভয়কেই সহস্র চক্ষুবিশিষ্ট বলা হইয়াছে। অন্তরীক্ষের দেবতা ইন্দ্রের এক প্রকাশ পাওয়া যায়, অগণিত নক্ষত্র-খচিত আকাশের দিকে দৃষ্টিপাত করিলে। একারণ কবিকল্পনায় তাঁহাকে সহস্রাক্ষ বলা হইয়াছে। এই উক্তি হইতেই পরবর্তীকালে ঐ কাহিনী রচিত হইল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেবতা সূচী		পৃষ্ঠা
অগ্নি	...	১
ইন্দ্র	...	১০
বিষ্ণু	...	১২
সবিতা	...	১৪
সূর্য	...	১৬
রুদ্র	...	১৮
পূষা	..	২০
যম	...	২১
বরুণ	...	২২
বায়ু	...	২৩
উষা	...	২৫
রাত্রি	...	৩৫
পর্জন্যদেব	...	৩৭
নানা দেবতা	...	৩৯
পিতৃলোক	...	৪৯
সোম	...	৪৯
পৃথিবী	...	৫০
দ্যাবাপৃথিবী	...	৫০
জল	...	৫১
ক্ষেত্রপতি	...	৫৫
গো	...	৫৭
গাভী	...	৫৯

বিবিধ		পৃষ্ঠা
মৃতের প্রতি	...	৬০
দান	...	৬৩
শ্রদ্ধা	...	৬৬
নমস্কার	...	৬৬
সত্যউক্তি	...	৬৬
মহদ্দেবানাম্	...	৬৭
কস্মৈ দেবায়	...	৬৮
আধ্যাত্মিক	...	৭২
পরমাত্মা	...	৭৪
প্রার্থনা	...	৭৫
বর্ণানুক্রমিক মন্ত্রসূচী		৭৭

মন্ত্রের সহিত যে সংখ্যা দেওয়া হইল তাহা যথাক্রমে 'ঋগ্বেদ সংহিতার' মণ্ডল, সূক্ত ও ঋক্ নির্দেশক।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No.
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS

॥ অগ্নি ॥

উপ ত্বাগ্নে দিবেদিবে দোষাবস্তর্ধিয়া বয়ং।
নমো ভরন্ত এমসি ॥ ১।১।৭

হে অগ্নি, আমরা প্রতিদিন দিবাভাগে ও রাত্রে সর্বান্তঃকরণে প্রণাম করিয়া তোমার নিকট উপস্থিত হইতেছি।

রাজন্তমধ্বরাণাং গোপামৃতস্য দীদিবিং।
বর্ধমানং স্বে দমে ॥ ১।১।৮

তুমি দীপ্যমান, তুমি যজ্ঞের রক্ষক, যজ্ঞের অতিশয় দীপ্তিকারক ও (ঘৃতাহুতি প্রাপ্ত হইয়া) তুমি যজ্ঞশালায় বর্ধমান।

স নঃ পিতেব সূনবেঽগ্নে সূপায়নো ভব।
সচস্বা নঃ স্বস্তয়ে ॥ ১।১।৯

পুত্রের নিকট পিতা যেমন অনায়াসে অধিগম্য, হে অগ্নি, তুমি আমাদিগের নিকট সেইরূপ হও। আমাদিগের মঙ্গল করিবার জন্য তুমি আমাদিগের নিকটে অবস্থান কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স নঃ স্তবান আ ভর গায়ত্রেণ নবীয়সা।
রয়িং বীরবতীমিষং ॥ ১।১২।১১

হে অগ্নি, নূতন গায়ত্রীচ্ছন্দের মন্ত্রদ্বারা আমরা তোমার স্তুতি করিতেছি, তুমি আমাদিগকে ধন, বলবান্ পুত্র ও অন্ন প্রদান কর।

ইমং স্তোমমর্হতে জাতবেদসে রথমিব
সং মহেমা মনীষয়া।
ভদ্রা হি নঃ প্রমতিরস্য সংসদ্যগ্নে সখ্যে
মা রিষামা বয়ং তব ॥ ১।৯৪।১

পূজনীয় ও সর্বভূতজ্ঞ অগ্নির রথের ন্যায়, এই স্তুতি আমরা বুদ্ধির সাহায্যে রচনা করি। অগ্নির ভজনায় আমাদের বুদ্ধি উৎকৃষ্ট হয়। হে অগ্নি, তুমি বন্ধু থাকিলে, আমাদিগকে কেহ হিংসা করিতে পারিবে না।

যস্মৈ ত্বমাযজসে স সাধত্যনর্বা ক্ষেতি দধতে সুবীর্যং।
স তূতাব নৈনমশ্নোত্যংহতিরগ্নে সখ্যে
মা রিষামা বয়ং তব ॥ ১।৯৪।২

হে অগ্নি, যাহার জন্য তুমি যজ্ঞ কর তাহার ইচ্ছা পূর্ণ হয়, সে উৎপীড়িত হয় না। সে মহাবীর্যের অধিকারী হয় ও বৃদ্ধি প্রাপ্ত হয়। সে দরিদ্র হয় না। হে অগ্নি, তুমি বন্ধু থাকিলে, আমাদিগকে কেহ হিংসা করিতে পারিবে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভরামেধ্মং কৃণবামা হবীংষি তে চিতয়ন্তঃ পর্বণাপর্বণা বয়ং।
জীবাতবে প্রতরং সাধয়া ধিয়োঽগ্নে সখ্যে
মা রিষামা বয়ং তব ॥ ১।৯৪।৪

হে অগ্নি, আমরা ইন্ধন সংগ্রহ করি, তোমাকে হব্য দান করি। আমাদিগের আয়ু বৃদ্ধির জন্য তুমি আমাদিগের যজ্ঞ সম্পাদন কর। হে অগ্নি, তুমি বন্ধু থাকিলে আমাদিগকে কেহ হিংসা করিতে পারিবে না।

যো বিশ্বতঃ সুপ্রতীকঃ সদৃঙ্ঙসি দূরে
চিৎসন্তলি দিবাতি রোচসে।
রাত্র্যাশ্চিদন্ধো অতি দেব পশ্যস্যগ্নে সখ্যে
মা রিষামা বয়ং তব ॥ ১।৯৪।৭

হে অগ্নি, তুমি সুন্দর, সকল দিকেই সদৃশ, তুমি দূরে হইয়াও নিকটে দীপ্তিমান। হে দেব অগ্নি, তুমি রাত্রির অন্ধকার ভেদ করিয়া প্রকাশিত হও। হে অগ্নি, তুমি বন্ধু থাকিলে আমাদিগকে কেহ হিংসা করিতে পারিবে না।

যদযুক্থা অরুষা রোহিতা রথে বাতজূতা
বৃষভস্যেব তে রবঃ।
আদিন্বসি বনিনো ধূমকেতুনাগ্নে সখ্যে মা রিষামা
বয়ং তব ॥ ১।৯৪।১০

হে অগ্নি, যখন তুমি দীপ্তিশালী, লোহিত বর্ণ ও বায়ুগতি বিশিষ্ট অশ্বদ্বয় সংযোজিত রথে আরোহণ কর তখন তুমি বৃষের ন্যায় রব করিয়া থাক এবং অরণ্যের বৃক্ষসমূহকে ধূমরূপ কেতুর দ্বারা আচ্ছন্ন কর। হে অগ্নি, তুমি বন্ধু থাকিলে আমাদিগকে কেহ হিংসা করিতে পারিবে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অস্মাকমগ্নে মঘবৎসু দীদিহ্যধ শ্বসীবান্বৃষভো দমূনাঃ।
অবাস্যা শিশুমতীরদীদের্বর্মেব যুৎসু
পরিজর্ভুরাণঃ॥ ১।১৪০।১০

হে অগ্নি, তুমি অভীষ্টবর্ষী ও দানশীল হইয়া শ্বাস প্রক্ষেপ করিয়া আমাদিগের ধনাঢ্য গৃহে দীপ্ত হও। শিশুমতি পরিত্যাগ করিয়া যুদ্ধকালে বর্মের ন্যায় (শত্রুদিগকে) দূর করিয়া দিয়া জ্বলিয়া উঠ।

বি যদস্থাদ্যজতো বাতচোদিতো হ্বারো ন বক্বা
জরণা অনাকৃতঃ।
তস্য পত্মন্দক্ষুষঃ কৃষ্ণজংহসঃ শুচিজন্মনো
রজ আ ব্যধ্বনঃ॥ ১।১৪১।৭

বাচাল বিদূষকেরা যেরূপ অবাধে তোষামোদ করিতে থাকে সেইরূপ বায়ুকর্ত্তৃক তাড়িত হইয়া যজনীয় অগ্নি চারিদিকে ব্যাপ্ত হন। অগ্নি দাহকারী, তাঁহার জন্ম পবিত্র, তাঁহার পথ কৃষ্ণবর্ণ, এবং তাঁহার পথের কিছু স্থিরতা নাই। তাহার মার্গ অন্তরীক্ষে অবস্থিত।

ত্বয়া হ্যগ্নে বরুণো ধৃতব্রতো মিত্রঃ শাশদ্রে
অর্যমা সুদানবঃ।
যৎসীমনু ক্রতুনা বিশ্বথা বিভুররান্ন নেমিঃ
পরিভূরজায়থাঃ॥ ১।১৪১।৯

হে অগ্নি, তোমার সাহায্যে বরুণ স্বীয় ব্রত ধারণ করিয়াছেন, মিত্র অন্ধকার নাশ করেন, এবং অর্যমা দানশীল হন। রথের নেমি যেরূপ অরসমূহকে ব্যাপ্ত করিয়া থাকে, তুমি যজ্ঞকার্য দ্বারা সেইরূপ বিশ্বাত্মক সর্বব্যাপী ও সকলের পরাভবকারী হইয়া জন্মগ্রহণ করিয়াছ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স জায়মানঃ পরমে ব্যোমন্যাবিরগ্নিরভবন্মাতরিশ্বনে।
অস্য ক্রত্বা সমিধানস্য মজ্মনা প্র দ্যাবা শোচিঃ
পৃথিবী অরোচয়ৎ ॥ ১।১৪৩।২

অগ্নি পরম ব্যোম প্রদেশে উৎপন্ন হইয়া প্রথম মাতরিশ্বার নিকট আবির্ভূত হইলেন। পরে ইন্ধন দ্বারা বৃদ্ধিপ্রাপ্ত হইলে প্রবল ক্রিয়া দ্বারা তাঁহার দীপ্তি দ্যাবাপৃথিবীকে প্রদীপ্ত করিয়া রহিল।

[মাতরিশ্বা—যাস্ক ও সায়ণ বলিয়াছেন 'মাতরিশ্বার' অর্থ বায়ু। আধুনিক পণ্ডিতেরা বলেন, 'বায়ু' অর্থে 'মাতরিশ্বা' শব্দের প্রয়োগ, বেদে কোথাও নাই। তাঁহারা বলেন ইহার দুইটি অর্থ বেদে পাওয়া যায়—প্রথম মাতরিশ্বা, একজন দেবতা, ইনি আকাশ হইতে অগ্নি আনিয়া ভৃগুবংশীয়দিগকে দেন। দ্বিতীয় মাতরিশ্বা অগ্নিরই একটি নাম]

অস্য ত্বেষা অজরা অস্য ভানবঃ সুসংদৃশঃ
সুপ্রতীকস্য সুদ্যুতঃ।
ভাত্বক্ষসো অত্যক্তুর্ন সিন্ধবোঽগ্নে রেজন্তে
অসসন্তো অজরাঃ ॥ ১।১৪৩।৩

অগ্নির দীপ্তিসমূহের নাশ নাই। সুদর্শন অগ্নির বিস্ফুলিঙ্গ সকল সর্বতঃ দ্যোতমান ও বিলক্ষণ বলশালী। নৈশ অন্ধকার নষ্ট করিয়া সর্বদা জাগরিত ও জরারহিত। অগ্নিশিখাগণ কখনও কম্পিত হয় না।

অপ্রযুচ্ছন্নপ্রযুচ্ছদ্ভিরগ্নে শিবেভির্নঃ পায়ুভিঃ
পাহি শগ্মৈঃ।
অদব্ধেভিরদৃপিতেভিরিষ্টেঽনিমিষদ্ভিঃপরি
পাহি নো জাঃ ॥ ১।১৪৩।৮

হে অগ্নি, আমাদিগের প্রতি অনুগ্রহ করিতে বিরত না হইয়া সর্বদা অবহিত হইয়া মঙ্গলকর ও সুখকর আশ্রয় প্রদান করিয়া আমাদিগকে রক্ষা কর। হে সর্বজন-বাঞ্ছনীয় অগ্নি, তুমি উৎপন্ন হইয়া, হিংসারহিত, অনভিভূত হইয়া অনিমেষে আমাদিগকে সম্যকরূপে পালন কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অগ্নে নয় সুপথা রায়ে অস্মান্ বিশ্বানি দেব
বায়ুনানি বিদ্বান্।
যুযোধ্যস্মজ্জুহুরাণমেনো ভূয়িষ্ঠাং তে
নমউক্তিং বিধেম ॥ ১।১৮৯।১

হে দীপ্তিমান্ অগ্নি, তুমি সকল প্রকার প্রজ্ঞান অবগত আছ। একারণ তুমি আমাদিগকে সুপথে ধনের দিকে লইয়া যাও। কুটিলকারী পাপকে তুমি আমাদিগের নিকট হইতে (দূরে) লইয়া যাও। আমরা বারবার তোমাকে নমস্কার করি।

অগ্নে ত্বং পারয়া নব্যো অস্মান্ত্স্বস্তিভিরতি
দুর্গাণি বিশ্বা।
পূশ্চ পৃথ্বী বহুলা ন উর্বী ভবা তোকায়
তনয়ায় শং যোঃ ॥ ১।১৮৯।২

হে অগ্নি, তুমি নূতন ; আমাদিগের স্তুতিদ্বারা আমাদিগকে তুমি সমস্ত দুর্গম পাপ হইতে উদ্ধার কর। আমাদিগের নগরী অত্যন্ত প্রশস্ত হউক, আমাদিগের ভূমিও প্রশস্ত হউক। তুমি আমাদিগের পুত্র ও অপত্যগণকে সুখ প্রদান কর।

অগ্নে ত্বমস্মদ্যুযোধ্যমীবা অনগ্নিত্রা অভ্যমন্ত কৃষ্টীঃ।
পুনরস্মভ্যং সুবিতায় দেব ক্ষাং
বিশ্বেভিরমৃতেভির্যজত্র ॥ ১।১৮৯।৩

হে অগ্নি, তুমি আমাদিগের নিকট হইতে রোগসকলকে দূরীভূত কর। যে সকল মনুষ্যকে অগ্নি রক্ষা করেন না, ও যাহারা আমাদিগের বিরুদ্ধাচরণ করে, তাহাদিগকে তুমি দূর করিয়া দাও। হে দেব, আমাদিগকে শোভাসম্পন্ন ফল দানের জন্য মরণরহিত যাবতীয় দেবগণের সহিত যজ্ঞশালায় আগমন কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পাহি নো অগ্নে পায়ুভিরজস্রৈরুত প্রিয়ে সদন
আ শুশুক্বান্।
মা তে ভয়ং জরিতারং যবিষ্ঠ নূনং
বিদন্মাপরং সহস্বঃ॥ ১।১৮৯।৪

হে অগ্নি, তুমি আশ্রয় দান করিয়া আমাদিগকে পালন কর। আমাদিগের প্রিয় যজ্ঞগৃহে সকল দিকে তুমি দীপ্তিমান্ হও। হে যুবা অগ্নি, আমি তোমার স্তোতা, অদ্য আমার যেন ভয় না হয়, অন্তকালেও যেন আমার ভয় না হয়।

মা নো অগ্নেঽব সৃজো অঘায়বিষ্যবে
রিপবে দুচ্ছুনায়ৈ।
মা দত্বতে দশতে মাদতে নো মা রীষতে
সহসাবন্পরা দাঃ॥ ১।১৮৯।৫

হে অগ্নি, আমাদিগকে তুমি হিংসক, অন্নগ্রাসী, শুভনাশী রিপুর হস্তে সমর্পণ করিও না। দন্তবিশিষ্ট দংশনকারীর হস্তে আমাদিগকে সমর্পণ করিও না। দন্তরহিতের হস্তে সমর্পণ করিও না। হে বলবান্ অগ্নি, হিংসকদিগের হস্তে আমাদিগকে সমর্পণ করিও না।

ত্বমগ্নে দ্যুভিস্ত্বমাশুশুক্ষণিস্ত্বমদ্ভ্যস্ত্বমশ্মনস্পরি।
ত্বং বনেভ্যস্ত্বমোষধীভ্যস্ত্বং নৃণাং নৃপতে
জায়সে শুচিঃ॥ ২।১।১

হে মনুষ্যদিগের নৃপতি অগ্নি, তুমি যজ্ঞদিনে উৎপন্ন হও, তুমি দীপ্তিশালী হইয়া উৎপন্ন হও, তুমি শুচি হইয়া উৎপন্ন হও, তুমি জল হইতে উৎপন্ন হও, তুমি প্রস্তর হইতে উৎপন্ন হও, তুমি বন হইতে উৎপন্ন হও, ভূমি ও ওষধি হইতে উৎপন্ন হও।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তবাগ্নে হোত্রং তব পোত্রমৃত্বিয়ং তব নেষ্ট্রং
ত্বমগ্নিদৃতায়তঃ।
তব প্রশাস্ত্রং ত্বমধ্বরীয়সি ব্রহ্মা চাসি
গৃহপতিশ্চ নো দমে॥ ২।১।২

হে অগ্নি, যজ্ঞকর্মের তুমি হোতা, তুমিই পোতা, ঋত্বিক, নেষ্টা, অগ্নীধ্র, প্রশাস্তা, অধ্বর্যু ও ব্রহ্মা। তুমিই আমাদিগের গৃহে গৃহপতি।

[যজ্ঞকর্মের আট জন ঋত্বিক বা পুরোহিতের বিশিষ্ট নাম এখানে পাওয়া যাইতেছে। ১। হোতা, মন্ত্রপাঠ করেন; ২। পোতা, হব্য প্রস্তুত করেন; ৩। ঋত্বিক-পুরোহিতের, নির্দিষ্ট কর্মের উল্লেখ পাওয়া যায় না। ৪। নেষ্টা, যিনি হব্য অগ্নিতে প্রক্ষেপ করেন, ৫। অগ্নীধ্র, প্রধান পুরোহিতগণের অন্যতম; যজ্ঞকালে তাঁহার নির্দিষ্ট কর্তব্যের উল্লেখ জানা যায় না। ৬। প্রশান্তা, হোতার মন্ত্র পাঠে নির্দেশ দান করেন। ৭। অধ্বর্যু, যজ্ঞবেদীর পরিমাপ করেন, এবং বেদী নির্মাণ ও যজ্ঞ সম্বন্ধীয় যাবতীয় কার্যে সহায়তা করেন। ৮। ব্রহ্মা, যজ্ঞের সমুদায় বিষয়ে তত্ত্বাবধান করেন।

১।৩৬।৭ ঋকের ভাষ্যে, সায়ণাচার্য সপ্তহোতার, (ঋত্বিক বা পুরোহিতের) উল্লেখ করিয়াছেন—যজমান, হোতা, উদ্গাতা, পোতা, নেষ্টা, ব্রহ্মা ও রক্ষ। যজমান—যজ্ঞের অনুষ্ঠাতা। উদ্গাতা—মন্ত্র গান করেন। রক্ষ—দ্বার রক্ষা করেন।]

ত্বমগ্ন ইন্দ্রো বৃষভঃ সতামসি ত্বং বিষ্ণুরুরুগায়ো নমস্যঃ।
ত্বং ব্রহ্মা রয়িবিদ্‌ব্রহ্মণস্পাতে ত্বং বিধর্তঃ
সচসে পুরন্ধ্যা॥ ২।১।৩

হে অগ্নি, তুমি সাধুদিগের অভীষ্টবর্ষী। অতএব তুমি ইন্দ্র, তুমি বিষ্ণু, তুমি বহু লোকের স্তুতির যোগ্য তুমি নমস্কার যোগ্য। হে ধনবান্ স্তুতির অধিপতি, তুমিই ব্রহ্মা, তুমি বিবিধ পদার্থ সৃষ্টি কর ও বহুপ্রকার বুদ্ধিতে অবস্থিতি কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভদ্রো নো অগ্নিরাহুতো ভদ্রা রাতিঃ সুভগ ভদ্রো অধ্বরঃ।
ভদ্রা উত প্রশস্তয়ঃ ॥ ৮।১৯।১৯

আহুত অগ্নি আমাদের কল্যাণকর হউন। হে সুভগ অগ্নি, তোমার দান আমাদের কল্যাণকর হউক। যজ্ঞে কল্যাণকর হউক, স্তুতি কল্যাণকর হউক।

অগ্নিং মন্যে পিতরমগ্নিমাপিমগ্নিং ভ্রাতরং সদমিৎসখায়ং।
অগ্নেরনীকং বৃহতঃ সপর্যং দিবি শুক্রং যজতং সূর্যস্য ॥
১০।৭।৩

অগ্নিকে আমি পিতা ও আত্মীয় জ্ঞান করি। অগ্নিই ভ্রাতা, অগ্নিই চিরকালের বন্ধু। যেমন আকাশস্থ শুভ্রবর্ণ সূর্যমণ্ডলকে লোকে আরাধনা করে, সেইরূপ আমি বৃহৎ অগ্নির মূর্তিকেই সেবা করি।

ভবা নো অগ্নেঽবিতোত গোপা ভব বয়স্কৃদুত নো বয়োধাঃ।
রাস্বাচ নঃ সুমহো হব্যদাতিং ত্রাস্বোত নস্তন্বো অপ্রযুচ্ছন্ ॥
১০।৭।৭

হে অগ্নি আমাদিগের রক্ষাকর্তা হও। আমাদিগের গাভীগণের রক্ষাকর্তা হও। আমাদিগের অন্নের উৎপাদনকর্তা ও অন্নের সঞ্চয় কর্তা হও। হে পূজনীয়, হোম করিবার সামগ্রী সকল আমাদিগকে দান কর। সাবধানে আমাদিগের দেহ রক্ষা কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মমাগ্নেবর্চো বিহবেষ্বস্তু বয়ং ত্বেন্ধানাস্তন্বং পুষেম।
মহ্যং নমন্তাং প্রদিশশ্চতস্রস্ত্বয়াধ্যক্ষেণ
পৃতনা জয়েম ॥ ১০।১২৮।১

হে অগ্নি, যুদ্ধের সময় আমার তেজের উদয় হউক। তোমাকে প্রজ্বলিত করিয়া আমরা নিজদেহের পুষ্টি সাধন করিয়া থাকি। চারিদিক আমার নিকট নত হউক, তোমাকে প্রভু পাইয়া আমরা যেন শত্রুদিগকে জয় করি।

॥ ইন্দ্র ॥

আর্চন্নত্র মরুতঃ সস্মিন্নাজৌ বিশ্বে দেবাসো অমদন্ননু ত্বা।
বৃত্রস্য যদ্ভৃষ্টিমতা বধেন নি ত্বমিন্দ্রং প্রত্যানং জঘংথ ॥
১।৫২।১৫

হে ইন্দ্র, তুমি বৃষ্টি দান কর, তুমি স্বকীয় তেজে বিরাজ করিতেছ। তুমি প্রকৃত শক্তিসম্পন্ন ও অতিশয় মহৎ। তোমার উদ্দেশ্যে আমরা এই স্তুতিবাক্য প্রয়োগ করিয়াছি। এই সংগ্রামে আমরা যেন সমস্ত বীরগণের দ্বারা যুক্ত হইয়া তোমার দত্ত শোভনীয় গৃহে বিদ্বান্ পুত্রদিগের সহিত বাস করি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইন্দ্রং পরেঽবরে মধ্যমাস ইন্দ্রং যান্তোঽবসিতাস ইন্দ্রম্।
ইন্দ্রং ক্ষিয়ন্ত উত যুধ্যমানা ইন্দ্রং নরো বাজয়ন্তো হবন্তে ॥
৪।২৫।৮

উৎকৃষ্ট ও নিকৃষ্ট উভয় প্রকার লোকই ইন্দ্রকে আহ্বান করে, মধ্যবিধ লোকেও ইন্দ্রকে আহ্বান করে, গমনকারী লোক ইন্দ্রকে আহ্বান করে, উপবিষ্ট লোক ইন্দ্রকে আহ্বান করে, গৃহে নিবাসী লোক ইন্দ্রকে আহ্বান করে, যোদ্ধাগণ ইন্দ্রকে আহ্বান করে। অন্নাভিলাষী মনুষ্যগণও ইন্দ্রকে আহ্বান করে।

তবেদিন্দ্রাহমাশসা হস্তে দাত্রং চনা দদে।
দিনস্য বা মঘবন্ত্সংভৃতস্য বা পূর্ধি যবস্য কাশিনা ॥
৮।৭৮।১০

হে ইন্দ্র, তোমার আশাতেই আমি হস্তে দাত্র (শস্য কাটিবার কাস্তে) ধারণ করিয়াছি। হে মঘবন্, আমার পূর্বসংগৃহীত যবের মুষ্টি পূর্ণ কর।

বয়মিন্দ্র ত্বায়বঃ সখিত্বমা রভামহে।
ঋতস্য নঃ পথা নয়াতি বিশ্বানি দুরিতা নভন্তামন্যকেষাং
জ্যাকা অধি ধন্বসু ॥ ১০।১৩৩।৬

হে ইন্দ্র, আমরা তোমার অনুগত, তোমার বন্ধুত্বের উপযোগী কার্যের উদ্যোগ করিতেছি। আমাদিগকে পুণ্য কর্মের পথ দিয়া লইয়া চল। আমরা যেন সকল পাপ অতিক্রম করি। বিপক্ষদিগের ধনুর্গুণ ছিন্ন হইয়া যাক্।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অস্মভ্যং সু ত্বমিন্দ্র তাং শিক্ষ যা দোহতে
প্রতি বরং জরিত্রে।
অচ্ছিদ্রোধ্নী পীপয়দ্যথা নঃ সহস্রধারা পয়সা
মহী গৌঃ। ১০।১৩৩।৭

হে ইন্দ্র আমাদিগকে তুমি এই বিদ্যা উপদেশ কর, যাহার প্রভাবে স্তবকারীর মনোরথ পূর্ণ হয়। এই পৃথিবীরূপা গাভী, যেন বিপুল আপীন বিশিষ্ট হইয়া সহস্র ধারার দুগ্ধ ক্ষরিত করিয়া আমাদিগকে পরিতৃপ্ত করে।

॥ বিষ্ণু ॥

অতো দেবা অবন্তু নো যতো বিষ্ণুর্বিচক্রমে।
পৃথিব্যাঃ সপ্ত ধামভিঃ॥ ১।২২।১৬

বিষ্ণু সপ্তকিরণের সহিত যে ভূপ্রদেশ হইতে পরিক্রম করিয়াছিলেন, সেই প্রদেশ হইতে দেবগণ আমাদিগকে রক্ষা করুন।

[ঋগ্বেদে 'বিষ্ণু' অর্থে সূর্য। 'সপ্তকিরণ' বলিতে সম্ভবতঃ সূর্যরশ্মির সাতটি বর্ণের কথা বলা হইতেছে।]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইদং বিষ্ণুর্বি চক্রমে ত্রেধা নি দধে পদং।
সমূলহমস্য পাংসুরে॥ ১।২২।১৭

বিষ্ণু এই জগৎ পরিক্রম করিয়াছিলেন। তিনি তিন প্রকার পদক্ষেপ করিয়াছিলেন। তাঁহার ধূলিযুক্ত পদে জগৎ আবৃত করিয়াছিলেন।

[সূর্যের উদয়, মধ্য আকাশে স্থিতি ও অস্তগমন, ইহাই তাঁহার তিন প্রকার পদক্ষেপ। কেহ অর্থ করিয়াছেন সূর্যের উত্তরায়ণ, দক্ষিণায়ন ও এই উভয়ের মধ্যবর্তী অবস্থান, তাঁহার তিন প্রকার পদক্ষেপ। এই মন্ত্রটি পুরাণে বলির নিকটে বামনের ত্রিপাদ ভূমি ভিক্ষার মূল।]

ত্রীণি পদা বি চক্রমে বিষ্ণুর্গোপা অদাভ্যঃ।
অতো ধর্মাণি ধারয়ন্॥ ১।২২।১৮

বিষ্ণু রক্ষক, তাঁহাকে কেহ আঘাত করিতে পারে না। তিনি ধর্ম সমুদায় ধারণ করিয়া তিন পদ পরিক্রম করিয়াছিলেন।

তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ।
দিবীব চক্ষুরাততং॥ ১।২২।২০

আকাশে সর্বতোবিসারী চক্ষু যেরূপ দৃষ্টি করে, বিদ্বানেরা বিষ্ণুর পরমপদ সেইরূপ সর্বদা দেখিয়া থাকেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ সবিতা ॥

হ্বয়াম্যগ্নিং প্রথমং স্বস্তয়ে হ্বয়ামি মিত্রাবরুণাবিহাবসে।
হ্বয়ামি রাত্রীং জগতো নিবেশনীং হ্বয়ামি
দেবং সবিতারমূতয়ে ॥ ১।৩৫।১

প্রথমে অগ্নিকে আহ্বান করি, মিত্র ও বরুণকে আহ্বান করি, জগতের বিশ্রামহেতুভূত রাত্রিকে আহ্বান করি। দেব সবিতাকে আহ্বান করি।

আ কৃষ্ণেন রজসা বর্ত্তমানো নিবেশয়ন্নমৃতং মর্ত্ত্যং চ।
হিরণ্যয়েন সবিতা রথেনা দেবো যাতি ভুবনানি পশ্যন্ ॥
১।৩৫।২

অন্ধকারময় অন্তরীক্ষ দিয়া বারবার ভ্রমণ করিয়া দেব ও মনুষ্যকে সচেতন করিয়া, দেব সবিতা হিরণ্ময় রথদ্বারা ভুবন সমুদায় দেখিতে দেখিতে আসিতেছেন।

যাতি দেবঃ প্রবতা যাত্যুদ্বতা যাতি শুভ্রাভ্যাং
যজতো হরিভ্যাং।
আ দেবো যাতি সবিতা পরাবতোঽপ বিশ্বা
দুরিতা বাধমানঃ ॥ ১।৩৫।৩

দেব সবিতা ঊর্দ্ধগামী, অধোগামী পথ দিয়া গমন করেন। সেই অর্চনার্হ দেব, দুই শ্বেত অশ্ব দ্বারা গমন করেন। তিনি সমস্ত পাপ বিনাশ করিতে করিতে দূরদেশ হইতে আসিতেছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অষ্টৌ ব্যখ্যৎককুভঃ পৃথিব্যাস্ত্রী ধন্ব যোজনা সপ্ত সিন্ধূন্।
হিরণ্যাক্ষঃ সবিতা দেব অগাদ্দধদ্রত্না দাশুষে বার্যাণি ॥

১।৩৫।৮

সবিতা পৃথিবীর অষ্টদিক প্রকাশিত করিয়াছেন, এবং প্রাণীদিগের তিন জগৎ ও সপ্ত সিন্ধু প্রকাশিত করিয়াছেন। সেই হিরণ্ময় চক্ষু বিশিষ্ট সবিতা হব্যদাতা যজমানকে বরণীয় দ্রব্য দান করিয়া এই স্থানে আসুন।

তৎ সবিতুর্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি।
ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ ॥ ৩।৬২।১০

যিনি আমাদের ধীশক্তি প্রেরণ করেন, সেই সবিতাদেবের, বরণীয় তেজ আমরা ধ্যান করি।

[এই ঋকৃটি হিন্দুদিগের প্রসিদ্ধ গায়ত্রী মন্ত্র।]

সবিতা পশ্চাতাৎসবিতা পুরস্তাৎ
সবিতোত্তরাত্তাৎসবিতাধরাত্তাৎ।
সবিতা নঃ সুবতু সর্বতাতিং
সবিতা নো রাসতাং দীর্ঘমায়ুঃ ॥ ১০।৩৬।১৪

কি পশ্চিম দিকে, কি পূর্ব দিকে, কি উত্তর দিকে, কি দক্ষিণ দিকে, সবিতাদেব আমাদিগের সর্বপ্রকার শ্রীবৃদ্ধি বিধান করুন। আমাদিগকে দীর্ঘ পরমায়ু প্রদান করুন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ সূর্য ॥

যেন সূর্য জ্যোতিষা বাধসে তমো
জগচ্চ বিশ্বমুদিয়র্ষি ভানুনা।
তেনাস্মদ্বিশ্বামনিরামনাহুতি-
মপামীবামপ দুষ্বপ্ন্যং সুব ॥ ১০।৩৭।৪

হে সূর্যদেব, যে জ্যোতি দ্বারা তুমি অন্ধকার নষ্ট কর, এবং যে কিরণের দ্বারা সমস্ত বিশ্বজগৎ প্রকাশ কর, তাহা দ্বারা আমাদিগের সকল প্রকার দারিদ্র্য নষ্ট কর। আমাদিগের পাপ রোগ ও দুঃস্বপ্ন দূর কর।

বিশ্বাহা ত্বা সুমনসঃ সুচক্ষসঃ
প্রজাবন্তো অনমীবা অনাগসঃ।
উদ্যন্তং ত্বা মিত্রমহো দিবেদিবে
জ্যেগ্‌জীবাঃ প্রতি পশ্যেম সূর্য ॥ ১০।৩৭।৭

হে বন্ধুবর্গের সংকারকারী সূর্য্যদেব, তুমি যেমন প্রতিদিন উদিত হও, আমরা যেন প্রত্যহই তোমাকে প্রশস্ত মনে ও প্রশস্ত চক্ষে দর্শন করি। যেন প্রত্যহই নীরোগ শরীরে সন্তান সন্ততি পরিবৃত হইয়া তোমার নিকট কোন দোষে দোষী না হইয়া তোমার দর্শন পাই। আমরা যেন চিরজীবী হইয়া তোমার দর্শন পাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মহি জ্যোতির্বিভ্রতং ত্বা বিচক্ষণ
ভাস্বন্তং চক্ষুষে-চক্ষুষে ময়ঃ।
আরোহন্তং বৃহতঃ পাজসস্পরি
বয়ং জীবাঃ প্রতি পশ্যেম সূর্য ॥ ১০।৩৭।৮

হে সর্বত্র দৃষ্টিকারী সূর্য, তুমি বিপুল জ্যোতি ধারণ কর, তোমার দীপ্তি উজ্জ্বল; সকলের চক্ষেই তুমি সুখকর। যখন তোমার সেই মূর্তি আকাশের ঊর্ধ্বদেশে আরোহণ করে আমরা যেন সুস্থ শরীরে তাহা নিত্য দর্শন করি।

যস্য তে বিশ্বা ভুবনানি কেতুনা
প্র চেরতে নি চ বিশন্তে অক্তুভিঃ।
অনাগাস্ত্বেন হরিকেশ সূর্যাহ্নাহ্না
নো বস্যসাবস্যসোদিহি ॥ ১০।৩৭।৯

তোমার যে পতাকার সঙ্গে সঙ্গে সমস্ত জগৎ প্রকাশ পায়, আবার প্রতি রাত্রে অন্ধকারাচ্ছন্ন ও অন্তর্ধান হয়, হে পিঙ্গলবর্ণ কেশধারী সূর্য, তুমি তোমার সেই চমৎকার পতাকা লইয়া দিন দিন উদয় হও, আমরাও যেন কোন দোষে দোষী না হইয়া উহার দর্শন পাই।

শং নো ভব চক্ষসা শং নো অহ্না
শং ভানুনা শং হিমা শং ঘৃণেন।
যথা শমধ্বঞ্ছমসদ্দুরোণে
তৎসূর্য দ্রবিণং ধেহি চিত্রং ॥ ১০।৩৭।১০

তোমার দৃষ্টি আমাদিগের কল্যাণ করুক, তোমার দিবস ও তোমার কিরণ, তোমার শীতলতা ও তোমার উত্তাপ কল্যাণকর হউক। গৃহেই অবস্থিতি করি বা পথেই যাত্রা করি, সর্বদা তাহা আমাদিগের কল্যাণ করুক। হে সূর্য আমাদিগকে বিবিধ সম্পত্তি বিতরণ কর।

২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ রুদ্র ॥

ইমা রুদ্রায় তবসে কপর্দিনে
ক্ষয়দ্‌বীরায় প্র ভরামহে মতীঃ।
যথা শমসদ্দ্বিপদে চতুষ্পদে
বিশ্বং পুষ্টং গ্রামে অস্মিন্ননাতুরং ॥ ১।১১৪।১

মহৎ কপর্দী (জটাধারী) বীরনাশী রুদ্রকে আমরা এই মাননীয় স্তুতিসমূহ অর্পণ করিতেছি। যেন দ্বিপদ ও চতুষ্পদগণ সুস্থ থাকে, যেন আমাদের এই গ্রামে সকলে পুষ্ট ও রোগশূন্য হইয়া থাকে।

[রুদ্র শব্দের আদি অর্থ বজ্র অথবা অগ্নির রূপ বিশেষ। অগ্নির জটা, কৃষ্ণধূম বা মেঘপুঞ্জ।]

মৃলা নো রুদ্রোত নো ময়স্কৃধি
ক্ষয়দ্‌বীরায় নমসা বিধেম তে।
যচ্ছং চ যোশ্চ মনুরায়েজে পিতা
তদশ্যাম তব রুদ্র প্রণীতিষু॥ ১।১১৪।২

হে রুদ্র তুমি সুখী হও, আমাদিগকে সুখী কর, তুমি বীরদিগের ক্ষয়কারী, আমরা নমস্কারের সহিত তোমার পরিচর্য্যা করি। পিতা মনু যে রোগসমূহ হইতে উপশম এবং ভয়সমূহ হইতে উদ্ধার পাইয়াছিলেন, হে রুদ্র, তোমার উপদেশে আমরা যেন তাহা পাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মা নো মহান্তমুত মা নো অর্ভকং
মা ন উক্ষন্তমুত মা ন উক্ষিতং।
মা নো বধীঃ পিতরং মোত মাতরং
মা ন প্রিয়াস্তন্বো রুদ্র রীরিষঃ ॥ ১।১১৪।৭

হে রুদ্র, আমাদিগের মধ্যে বৃদ্ধকে বধ করিও না, বালককে বধ করিও না, সন্তানজনয়িতাকে বধ করিও না, গর্ভস্থ সন্তানকে বধ করিও না, আমাদিগের পিতাকে বধ করিও না মাতাকে বধ করিও না, আমাদিগের প্রিয় শরীরে আঘাত করিও না।

মা নস্তোকে তনয়ে মা ন আয়ৌ
মা নো গোষু মা নো অশ্বেষু রীরিষঃ।
বীরান্মা নো রুদ্র ভামিতো বধী-
র্হবিষ্মন্তঃ সদামিত্ত্বা হবামহে ॥ ১।১১৪।৮

হে রুদ্র, আমাদিগের পুত্রকে হিংসা করিও না, আমাদিগের অন্য মনুষ্যকে হিংসা করিও না, আমাদিগের গো এবং অশ্ব হিংসা করিও না, হে রুদ্র ক্রুদ্ধ হইয়া আমাদিগের বীরদিগকে হিংসা করিও না, কেন না আমরা হব্য লইয়া সর্বদাই তোমাকে আহ্বান করি।

শ্রেষ্ঠো জাতস্য রুদ্র শ্রিয়াসি তবস্তমস্তবসাং বজ্রবাহো।
পর্ষি ণঃ পারমংহসঃ স্বস্তি বিশ্বা অভীতী রপসো যুযোধি।
২।৩৩।৩

হে রুদ্র, ঐশ্বর্যে তুমি সকলের শ্রেষ্ঠ। হে বজ্রবাহু, প্রবৃদ্ধগণের মধ্যে তুমি অতিশয় প্রবৃদ্ধ। তুমি আমাদিগকে পাপের পরপারে লইয়া চল। পাপ যেন আমাদিগকে বিনষ্ট না করে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ পূষা ॥

যো বিশ্বাভি বিপশ্যতি ভুবনা সং চ পশ্যতি।
স নঃ পূষাবিতা ভুবৎ ॥ ৩।৬২।৯

যে পূষা বিশ্বজগৎ বিশেষরূপে দর্শন করেন, সেই পূষা আমাদের রক্ষক হউন।

মাকির্নেশন্মাকীং রিষন্মাকীং সং শারি কেবটে।
অথারিষ্টাভিরা গহি ॥ ৬।৫৪।৭

হে পূষা, আমাদিগের গোধন যেন নষ্ট না হয়। ইহা যেন ব্যাঘ্রাদি দ্বারা নিহত না হয়। কূপমধ্যে পড়িয়া যেন বিনষ্ট না হয়। তুমি সেই অহিংসিত ধেনুগণের সহিত সায়ংকালে আগমন কর।

পরি পূষা পরস্তাদ্ধস্তং দধাতু দক্ষিণং।
পুনর্নো নষ্টমাজতু ॥ ৬।৫৪।১০

পূষা যেন নিজ দক্ষিণ হস্তদ্বারা আমাদিগের গোধনকে বিপথ হইতে নিবারণ করেন। তিনি যেন আমাদিগের নষ্ট গোধনকে ফিরাইয়া আনেন।

[পূষা জগৎ পোষক পৃথিবী-দেবতা (সায়ণ)। সর্বভূতের পালয়িতা আদিত্য (যাস্ক)। The sun as viewed by shepherds (Max Muller)। তিনি পথ নির্দেশ করেন, গো সকল রক্ষা করেন, নষ্ট পশু উদ্ধার করেন, ভ্রমণকারীদিগকে সুপথে লইয়া যান।]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ যম ॥

পরেয়িবাং সং প্রবতো মহীরনু বহুভ্যঃ পন্থামনুপস্পশানং।
বৈবস্বতং সঙ্গমনং জনানাং যমং রাজানং হবিষা দুবস্য ॥

১০।১৪।১

হে অন্তঃকরণ, তুমি বিবস্বানের পুত্র যমকে হোমের দ্রব্য দিয়া সেবা কর। তিনি সৎকর্মান্বিত ব্যক্তিদিগকে সুখের দেশে লইয়া যান। তিনি অনেকের পথ পরিষ্কার করিয়া দেন। সকল লোকে তাঁহার নিকটেই গমন করে।

[ঋগ্বেদের যম পুণ্য কর্মের পুরস্কার বিধাতা। পৌরাণিক যমের ন্যায় মৃত্যুর দেবতা ও পাপের শাস্তিদাতা নহেন]

যমো নো গাতুং প্রথমো বিবেদ নৈষা গব্যূতিরপভর্তবা উ।
যত্রা নঃ পূর্বে পিতরঃ পরেয়ুরেনা জজ্ঞানাঃ পথ্যা অনু স্বাঃ ॥

১০।১৪।২

আমরা কোন পথে যাইব যমই তাহা প্রথমে দেখাইয়া দেন। সেই পথ আর বিনষ্ট হয় না। যে পথে আমাদিগের পূর্ব পুরুষেরা গিয়াছেন, সকল জীবই নিজ নিজ কর্ম অনুসারে সেই পথে যাইবে।

যমায় মধুমত্তমং রাজ্ঞে হব্যং জুহোতন।
ইদং নম ঋষিভ্যঃ পূর্বজেভ্যঃ পূর্বেভ্যঃ পথিকৃদ্ভ্যঃ ॥

১০।১৪।১৫

যম রাজার উদ্দেশে সুমিষ্ট হোমদ্রব্য দিয়া হোম কর। যে সকল পূর্বকালের ঋষি আমাদিগের অগ্রে জন্ম গ্রহণ করিয়া ধর্মের পথ দেখাইয়া দিয়াছেন, তাঁহাদিগকে নমস্কার করি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ বরুণ ॥

বনেষু ব্যন্তরিক্ষং ততান বাজমর্বৎসু পয় উস্রিয়াসু।
হৃৎসু ক্রতুং বরুণো অপ্স্বগ্নিং দিবি সূর্যমদধাৎসোমমদ্রৌ ॥
৫।৮৫।২

তিনি বৃক্ষ সকলের উপরিভাগে অন্তরীক্ষ বিস্তারিত করিয়াছেন। অশ্বগণকে বল, ধেনুগণকে দুগ্ধ, ও হৃদয়ে সঙ্কল্প প্রদান করিয়াছেন। তিনি জলে অগ্নি, অন্তরীক্ষে সূর্য ও পর্বতে সোমলতা স্থাপন করিয়াছেন।

নীচীনবারং বরুণঃ কবন্ধং প্র সসর্জ রোদসী অন্তরিক্ষং।
তেন বিশ্বস্য ভুবনস্য রাজা যবং ন বৃষ্টির্ব্যুনত্তি ভূম ॥ ৫।৮৫।৩

তিনি স্বর্গ পৃথিবী ও অন্তরীক্ষের হিতার্থ মেঘের নিম্নভাগ সচ্ছিদ্র করিয়া দিয়াছেন। বৃষ্টি যেরূপে যবশস্য সিক্ত করে, তদ্রূপ অখিল ভুবনের অধিপতি বরুণ সমগ্র ভূমিকে আর্দ্র করেন।

উনত্তি ভূমিং পৃথিবীমুত দ্যাং যদা দুগ্ধং বরুণো বষ্ট্যাদিৎ।
সমভ্রেণ বসত পর্বতাসস্তবিষীয়ন্তঃ শ্রথয়ন্ত বীরাঃ ॥ ৫।৮৫।৪

যৎকালে তিনি বৃষ্টিরূপ দুগ্ধ কামনা করেন, তৎকালে তিনি পৃথিবী, অন্তরীক্ষ ও স্বর্গকে আর্দ্র করেন। পরক্ষণেই পর্বত সকল বারিদগণ দ্বারা শিখর সকলকে আবৃত করে এবং বীর মরুৎগণ নিজ বলে উল্লসিত হইয়া মেঘবৃন্দকে শিথিল করিয়া দেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অর্যম্যং বরুণ মিত্র্যং বা সখায়ং
বা সদামিঙ্‌ভ্রাতরং বা।
বেশং বা নিত্যং বরুণারণং বা
যৎসীমাগশ্চকৃমা শিশ্রথস্তং ॥ ৫।৮৫।৭

হে বরুণ, যদি আমরা কখন কোনও দাতা, মিত্র, বয়স্য, ভ্রাতা, নিকট প্রতিবেশী বা মূকের প্রতি অপরাধ করিয়া থাকি, তাহা তুমি স্খালন কর।

॥ বায়ু ॥

আ বাত বাহি ভেষজং বি বাত বাহি যদ্রপঃ।
ত্বং হি বিশ্বভেষজো দেবানাং দূত ঈয়সে ॥ ১০।১৩৭।৩

হে বায়ু তুমি এই দিকে ঔষধ বহিয়া আন। যাহা অহিতকর, এই দিক হইতে বহিয়া লইয়া যাও। যেহেতু, তুমিই সংসারের ঔষধ স্বরূপ, তুমিই দেবতাদিগের দূত হইয়া যাও।

অন্তরিক্ষে পথিভিরীয়মানো
ন নি বিশতে কতমচ্চনাহ।
অপাং সখা প্রথমজা ঋতাবা
ক্ব স্বিজ্জাতঃ কুত আ বভূব ॥ ১০।১৬৮।৩

ইনি আকাশ পথে গমন কালে কোন দিনই স্থির হইয়া বসিয়া থাকেন না। ইনি জলের বন্ধু, জলের অগ্রে উৎপন্ন হন (অগ্রে বায়ু পরে বৃষ্টি)। ইনি সত্যস্বভাব। কে বলিতে পারে, ইনি কোথায় জন্মিয়াছেন, কোথা হইতে আসিয়াছেন !

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্মা দেবানাং ভুবনস্য গর্ভো
যথাবশং চরতি দেব এষঃ।
ঘোষা ইদস্য শৃণ্বিরে ন রূপং
তস্মৈ বাতায় হবিষা বিধেম॥ ১০।১৬৮।৪

এই বায়ুদেব, দেবতাদিগের আত্মাস্বরূপ, ভুবনের সন্তানস্বরূপ। ইনি যথেচ্ছ বিহার করেন। ইঁহার অনেক প্রকার শব্দ শোনা যায়, ইঁহার রূপ প্রত্যক্ষ হয় না। এস, হব্য দ্বারা এই বায়ুর পূজা করি।

বাত আ বাতু ভেষজং শম্ভু ময়োভু নো হৃদে।
প্র ণ আয়ুঁষি তারিষৎ॥ ১০।১৮৬।১

বায়ু ঔষধের ন্যায় হইয়া বহিতে থাকুন, তিনি কল্যাণকর ও সুখকর হউন। তিনি দীর্ঘায়ু দান করুন।

উত বাত পিতাসি ন উত ভ্রাতোত নঃ সখা।
স নো জীবাতবে কৃধি॥ ১০।১৮৬।২

হে বায়ু, তুমি আমাদিগের পিতা, ভ্রাতা ও বন্ধু সদৃশ। এতাদৃশ তুমি, আমাদিগের জীবনের ঔষধ করিয়া দাও।

যদদো বাত তে গৃহেঽমৃতস্য নিধির্হিতঃ।
ততো নো দেহি জীবসে॥ ১০।১৮৬।৩

হে বায়ু তোমার গৃহমধ্যে ঐ যে অমৃতের নিধি সংস্থাপিত আছে, তাহা হইতে আমাদিগকে অমৃত আনিয়া দাও। আমাদিগকে জীবন দান কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

No.
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS.

॥ উষা ॥

সহ বামেন ন উষো ব্যুচ্ছা দুহিতর্দিবঃ।
সহ দ্যুম্নেন বৃহতা বিভাবরি রায়া দেবি দাস্বতি॥

১।৪৮।১

হে দেবদুহিতা উষা, আমাদিগকে ধন দান করিয়া প্রভাত কর। হে বিভাবরি, প্রভূত অন্নদান করিয়া প্রভাত কর। হে দেবি, দানশীল হইয়া ধনদান করিয়া প্রভাত কর।

উবাসোষা উচ্ছাচ্চ নু দেবী জীরা রথানাং।
যে অস্যা আচরণেষু দধ্রিরে সমুদ্রে ন শ্রবস্য বঃ॥

১।৪৮।৩

উষা পুরাকালে প্রভাত করিতেন, অদ্যও প্রভাত করিতেছেন। ধনাকাঙ্ক্ষী লোক যেরূপ সমুদ্রে নৌকা প্রেরণ করে, উষার আগমনে যে রথ সমূহ সজ্জীকৃত হয়, উষা তাহা সেইরূপে প্রেরণ করেন।

আ ঘা যোষেব সূনর্যুষা যাতি প্রভুঞ্জতী।
জরয়ন্তী বৃজনং পদ্বদীয়ত উৎপাতয়তি পক্ষিণঃ॥

১।৪৮।৫

উষা গৃহকার্যে নেত্রী গৃহিণীর ন্যায় সকলকে পালন করিয়া আগমন করেন। তিনি জঙ্গম প্রাণিগণকে জাগরিত করেন, পদযুক্ত প্রাণীদিগকে গমন করান এবং পক্ষিগণকে উড়াইয়া দেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বি যা সৃজতি সমনং ব্যর্থিনঃ পদং ন বেত্যোদতী।
বয়ো নকিষ্টে পপ্তিবাংস আসতে ব্যুষ্টৌ বাজিনীবতি॥
১।৪৮।৬

তুমি সমীচীন চেষ্টাবান্ পুরুষকে কার্যে প্রেরণ কর। তুমি ভিক্ষুকদিগকেও প্রেরণ কর, তুমি নীহারবর্ষী এবং অধিক্ষণ অবস্থান কর না। হে অন্নযুক্তা যজ্ঞসম্পন্না উষা, তুমি প্রভাত হইলে, উড্ডীয়মান পক্ষিগণ আর কুলায়ে অবস্থান করে না।

উষ আ ভাহি ভানুনা চন্দ্রেণ দুহিতর্দিবঃ।
আবহন্তী ভূর্যস্মভ্যং ব্যুচ্ছন্তী দিবিষ্টিষু॥ ১।৪৮।৯

হে স্বর্গদুহিতে, আহ্লাদকর জ্যোতির সহিত প্রকাশিত হও। দিবসে দিবসে আমাদিগকে প্রভূত সৌভাগ্য আনিয়া দাও এবং অন্ধকার দূর কর।

বিশ্বস্য হি প্রাণনং জীবনং ত্বে বি যদুচ্ছসি সূনরি।
সা নো রথেন বৃহতা বিভাবরি শ্রুধি চিত্রামঘে হবং॥
১।৪৮।১০

হে নেত্রী উষা, সমস্ত প্রাণীর উত্তম প্রাণ ও তোমাতেই আছে। কেননা তুমি অন্ধকার দূর কর। হে বিভাবরি, তুমি বৃহৎ রথে আগমন কর। হে বিচিত্র ধনযুক্ত উষা, তুমি আমাদিগের আহ্বান শ্রবণ কর।

উষো যদদ্য ভানুনা বি দ্বারাবৃণবো দিবঃ।
প্র নো যচ্ছতাদবৃকং পৃথু ছর্দিঃ প্র দেবি গোমতীরিষঃ॥
১।৪৮।১৫

হে উষা, আজ তুমি জ্যোতি দ্বারা আকাশের দ্বার খুলিয়া দিয়াছ। আমাদিগকে তুমি হিংসক রহিত ও বিস্তীর্ণ গৃহদান কর এবং বহু গো-যুক্ত অন্নদান কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সং নো রায়া বৃহতা বিশ্বপেশসা মিমিক্ষ্বা সমিলাভিরা।
সং দ্যুম্নেন বিশ্বতুরোষো মহি সং সজৈর্বাজিনীবতি ॥
১।৪৮।১৬

হে উষা, আমাদিগকে প্রভূত ও বহুবিধ রূপযুক্ত ধন দান কর, এবং গাভী দান কর। হে পূজনীয় উষা আমাদিগকে সর্বশত্রুনাশক যশ দান কর। হে অন্নযুক্ত ক্রিয়াসম্পন্ন উষা, তুমি আমাদিগকে অন্ন দান কর।

এতা উ ত্যা উষসঃ কেতুমক্রত
পূর্বে অর্ধে রাজসো ভানুমঞ্জতে।
নিষ্কৃণ্বানা আয়ুধানীব ধৃষ্ণবঃ
প্রতি গাবোঽরুষীর্যন্তি মাতরঃ ॥ ১।৯২।১

উষাগণ আলোকে প্রকাশ করিয়াছেন এবং অন্তরীক্ষের পূর্বদিকে জ্যোতি প্রকাশিত করেন। যোদ্ধৃগণ যেমন আয়ুধ সকলের সংস্কার করে, সেইরূপ স্বীয় দীপ্তি দ্বারা জগতের সংস্কার করিয়া তাঁহারা গমনশীল, দীপ্তিমান্ হন, এবং মাতৃগণ প্রতিদিন গমন করেন।

অর্চন্তি নারীরপসো ন বিষ্টিভিঃ সমানেন যোজনেন পরাবতঃ।
ইষং বহন্তি সুকৃতে সুদানবে বিশ্বেদহ যজমানায় সুন্বতে ॥
১।৯২।৩

নেত্রী উষা দেবতাগণ, উজ্জ্বল অস্ত্রধারী যোদ্ধাদিগের ন্যায় এবং উদ্যোগ দ্বারাই, দূরদেশ পর্যন্ত স্বীয় তেজের দ্বারা ব্যাপ্ত করেন। তাঁহারা শোভনকর্মকারী সোমদায়ী, দাতা যজমানকে সকল প্রকার অন্ন প্রদান করেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অধি পেশাংসি বপতে নৃতূরিবাপোর্ণুতে
বক্ষ উস্রেব বর্জহং।
জ্যোতির্বিশ্বস্মৈ ভুবনায় কৃণ্বতী গাবো ন
ব্রজং ব্যুষা আবর্তমঃ॥ ১।৯২।৪

উষা নর্তকীর ন্যায় রূপ প্রকাশ করিতেছেন, এবং গাভী যেরূপ (দোহনকালে) স্বীয় উধঃ প্রকাশিত করে, সেইরূপ উষাও স্বীয় বক্ষ প্রকাশিত করিতেছেন। গাভী যেরূপ গোষ্ঠে শীঘ্র গমন করে, উষাও সেইরূপ পূর্বদিকে গমন করিয়া বিশ্বভুবন প্রকাশ করিয়া অন্ধকার বিশ্লিষ্ট করিতেছেন।

প্রত্যর্চী রুশদস্যা অদর্শি বি তিষ্ঠতে
বাধতে কৃষ্ণমভ্বং।
স্বরুং ন পেশো বিদথেম্বঞ্জঞ্চিত্রং দিবো
দুহিতা ভানুমশ্রেৎ॥ ১।৯২।৫

উষার বিপুল তেজ প্রথমে পূর্বদিকে দৃষ্ট হয়, পরে সকল দিকে ব্যাপ্ত হয় এবং বিপুল অন্ধকার অপসারিত করে। পুরোহিত যেরূপ যজ্ঞে আজ্য (যজ্ঞীয় ঘৃতাদি) দ্বারা যূপকাষ্ঠ অঞ্জিত করে, সেইরূপ উষা স্বীয় রূপ প্রকাশ করিতেছেন। স্বর্গদুহিতা উষা দীপ্তি দ্বারা সূর্যের সেবা করিতেছেন।

আতারিষ্ম তমসস্পারমস্যোষা উচ্ছন্তি
বয়ুনা কৃণোতি।
শ্রিয়ে ছন্দো ন স্ময়তে বিভাতী
সুপ্রতীকা সৌমনসায়াজীগঃ॥ ১।৯২।৬

আমরা নৈশ অন্ধকারের পারে আসিয়াছি। উষা সমস্ত প্রাণীকে চৈতন্য-যুক্ত করিয়াছেন। দীপ্তিমতী উষা তোষামোদকারীর ন্যায় প্রীতি পাইবার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জন্য (স্বীয় দীপ্তি দ্বারাই) যেন আসিতেছেন। আলোক-বিকসিতাঙ্গী উষা আমাদিগের সুখের জন্য অন্ধকার বিনাশ করিতেছেন।

বিশ্বানি দেবী ভুবনাভিচক্ষ্যা প্রতীচী
চক্ষুরুর্বিয়া বি ভাতি।
বিশ্বং জীবং চরসে বোধয়ন্তী বিশ্বস্য
বাচমবিদন্মনায়োঃ॥ ১।৯২।৯

উজ্জ্বল উষা সমস্ত ভুবন প্রকাশিত করিয়া, আলোক দ্বারা পশ্চিম দিকে বিস্তৃত হইয়া প্রকাশিত হইতেছেন, এবং সমস্ত জীবকে স্ব স্ব ব্যাপারে প্রবর্তিত করিবার জন্য জাগরিত করেন, তিনি ধীশক্তি সম্পন্ন প্রাণীদিগের বাক্য শ্রবণ করেন।

উষস্তচ্চিত্রমা ভরাস্মভ্যং বাজিনীবতি।
যেন তোকং চ তনয়ং চ ধামহে॥ ১।৯২।১৩

হে অন্নযুক্ত উষা, আমাদিগকে বিচিত্র ধন দান কর, যে ধনের দ্বারা, আমরা পুত্র ও পৌত্রকে পালন করিতে পারি।

ইদং শ্রেষ্ঠং জ্যোতিষাং জ্যোতিরাগচ্চিত্রঃ
প্রকেতো অজনিষ্ট বিভ্বা।
যথা প্রসূতা সবিতুঃ সবায়ঁ
এবা রাত্র্যুষসে যোনিমারৈক্॥ ১।১১৩।১

জ্যোতি সমূহের মধ্যে শ্রেষ্ঠ জ্যোতি উষা আসিয়াছেন, তাঁহার বিচিত্র ও জগৎপ্রকাশক রশ্মি ব্যাপ্ত হইয়া প্রকাশিত হইয়াছে। রাত্রি যেরূপ সবিতা হইতে প্রসূত, রাত্রিও সেইরূপ উষার উৎপত্তি স্থল কল্পিত হয়।

[সূর্যের অস্ত গমনের পর রাত্রি আসে, একারণ রাত্রি সূর্যের সন্তান, অবার রাত্রির পর উষা আসে, একারণ উষা রাত্রির সন্তান।]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রুশদ্বৎসা রুশতী শ্বেত্যাগাদারৈগু কৃষ্ণা সদনান্যস্যাঃ।
সমানবন্ধু অমৃতে অনূচী দ্যাবা বর্ণং চরত আমিনানে॥

১।১১৩।২

দীপ্তিমতী শুভ্রবর্ণা সূর্যের মাতা উষা আসিয়াছেন। কৃষ্ণবর্ণা রাত্রি স্বীয় স্থানে গিয়াছেন। রাত্রি ও উষা উভয়েই সূর্যের বন্ধু এবং উভয়ই অমর। একে অন্যের পর আগমন করেন, এবং একে অন্যের বর্ণ বিনাশ করেন; এইরূপে তাঁহারা দীপ্তিমান হইয়া বিচরণ করেন।

[উষার পর সূর্য আসে, একারণ, সূর্য উষার সন্তান।]

সমানো অধ্বা স্বস্রোরনন্তস্তমন্যান্যা চরতো দেবশিষ্টে।
ন মেথেতে ন তস্থতুঃ সুমেকে নক্তোষাসা সমনসা বিরূপে॥

১।১১৩।৩

রাত্রি এবং উষা এই ভগ্নীদ্বয়ের একই অনন্ত সঞ্চরণ মার্গ দীপ্তিমান সূর্য কর্তৃক আদিষ্ট হইয়াছে। তাঁহারা একের পর অন্যে এই পথে বিচরণ করেন। সকল বস্তুর উৎপাদনকারী রাত্রি ও উষা ভিন্ন ভিন্ন রূপ ধারণ করিলেও সমান মনঃসম্পন্না। তাঁহারা পরস্পরকে বাধা দেন না, এবং কখনও স্থির হইয়া থাকেন না।

ভাস্বতী নেত্রী সূনৃতানামচেতি চিত্রা বি দুরো ন আবঃ।
প্রার্প্যা জগদ্‌ব্যু নো রায়ো অখ্যদুষা
অজীগর্ভুবনানি বিশ্বা॥ ১।১১৩।৪

আমরা প্রভাসম্পন্না সুনৃত বাক্যের নেত্রী বিচিত্রা উষাকে জানি, তিনি আমাদিগের দ্বার খুলিয়া দিয়াছেন। তিনি সর্বজগৎ আলোক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূর্ণ করিয়া আমাদিগের ধন প্রকাশ করিয়া দিয়াছেন। তিনি সমস্ত ভুবন প্রকাশ করিয়া দিয়াছেন।

[উষার আগমনে পশু পক্ষী সকলেই শব্দ করে একারণ, তিনি সুনৃত বাক্যের নেত্রী।]

জিহ্মশ্যে চরিতবে মঘোন্যাভোগয় ইষ্টয়ে
রায় উ ত্বং।
দভ্রং পশ্যদ্ভ্য উর্বিয়া বিচক্ষ উষা
অজীগর্ভুবনানি বিশ্বা॥ ১।১১৩।৫

যে সকল লোক বক্র হইয়া শুইয়াছিল, উষা তাহার মধ্যে কাহাকেও ভোগের জন্য, কাহাকেও যজ্ঞের জন্য এবং কাহাকেও ধনের জন্য, সকলকেই নিজ নিজ কর্মের জন্য জাগরিত করিয়াছেন। যাহারা অল্প দেখিতে পায়, উষা তাহাদিগের বিশেষরূপ দৃষ্টির জন্য অন্ধকার দূর করেন। বিস্তীর্ণ উষা ভুবনসমূহ প্রকাশ করিয়া দিয়াছেন।

ক্ষত্রায় ত্বং শ্রবসে ত্বং মহীয়া ইষ্টয়ে ত্বমর্থমিব ত্বমিত্যৈ।
বিসদৃশা জীবিতাভিপ্রচক্ষ উষা অজীগর্ভুবনানি বিশ্বা॥
১।১১৩।৬

উষা কাহাকেও ধনের জন্য, কাহাকেও অন্নের জন্য, কাহাকেও মহাযজ্ঞের জন্য, কাহাকেও অভীষ্ট লাভের জন্য জাগরিত করেন। তিনি ভিন্ন ভিন্ন জীবনোপায় প্রকাশ করিয়া দিবার জন্য সকল ভুবন প্রকাশ করিয়া দিয়াছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এষা দেবো দুহিতা প্রত্যদর্শি ব্যুচ্ছন্তী যুবতিঃ শুক্রবাসাঃ।
বিশ্বস্যেশানা পার্থিবস্য বস্ব উষো অদ্যেহ সুভগে ব্যুচ্ছ॥
১।১১৩।৭

ঐ নিত্যযৌবনসম্পন্না শুভ্রবসনা আকাশদুহিতা উষা, অন্ধকার দূর করিয়া মনুষ্যের দর্শনগোচর হইয়াছেন। তিনি পার্থিব সমস্ত ধনের ঈশ্বরী। হে সুভগে, তুমি অদ্য এইস্থানে অন্ধকার দূর কর।

পরায়তীনামন্বেতি পাথ আয়তীনাং প্রথমা শাশ্বতীনাং।
ব্যুচ্ছন্তী জীবমুদীরয়ন্ত্যুষা মৃতং কঞ্চন বোধয়ন্তী॥ ১।১১৩।৮

অতীত উষাগণ যে অন্তরীক্ষ পথ দিয়া গিয়াছেন, সেই পথে উষা অনুগমন করিতেছেন। ভবিষ্যতে অনন্ত উষাগণ সেই পথ অনুসরণ করিবেন। উষা অন্ধকার দূর করিয়া জীবগণকে জাগরিত করিয়া, মৃতবৎ সংজ্ঞাশূন্য লোককে চৈতন্য দান করেন।

কিয়াত্যা যৎসময়া ভবাতি যা ব্যূষুর্যাশ্চ নূনং ব্যুচ্ছান্।
অনু পূর্বাঃ কৃপতে বাবশানা প্রদীধ্যানা জোষমন্যাভিরেতি
১।১১৩।১০

কত কাল হইতে উষা উৎপন্ন হইয়াছেন, কত কাল পর্যন্ত উৎপন্ন হইবেন। বর্ত্তমান উষা পূর্ব উষাকে সাগ্রহে অনুকরণ করিতেছেন, আবার আগামী উষা সমূহ এই দীপ্তিমতী উষাকে অনুকরণ করিবেন।

ঈযুষ্টে যে পূর্বতরামপশ্যন্ব্যুচ্ছন্তীমুষসং মর্ত্যাসঃ।
অস্মাভিরূ নু প্রতিচক্ষ্যাভূদো তে যন্তি যে অপরীষু পশ্যান্॥
১।১১৩।১১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যে মনুষ্যেরা অতি পূর্বকালের উষাকে আলোক প্রকাশ করিতে দেখিয়াছিলেন তাঁহারা গত হইয়াছেন। আমরা এখন উষাকে দর্শন করিতেছি। ভবিষ্যতে যাঁহারা উষাকে দর্শন করিবেন তাঁহারা আসিতেছেন।

শশ্বৎ পুরোষা ব্যুবাস দেব্যথো অদ্যেদং ব্যাবো মঘোনী।
অথো ব্যুচ্ছাদুত্তরাঁ অনু দ্যূনজরামৃতা চরতি স্বধাভিঃ॥
১।১১৩।১৩

উষাদেবী পূর্বকালে নিত্য উদয় হইতেন, ধনবতী উষা এখনও এই জগৎকে অন্ধকার হইতে বিমুক্ত করিতেছেন। তিনি ভবিষ্যতেও প্রতিদিন উদয় হইবেন, কেননা তিনি অজরা ও অমরা হইয়া স্বীয় তেজে বিচরণ করেন।

ব্যঞ্জিভির্দিব আতাস্বদ্যৌদপ কৃষ্ণাং নির্ণিজং দেব্যাবঃ।
প্রবোধয়ন্ত্যরুণেভিরশ্বৈরোষা যাতি সুযুজা রথেন॥
১।১১৩।১৪

তিনি আকাশের বিস্তীর্ণ দিক সকল আলোকময় তেজ দ্বারা দীপ্ত করিতেছেন। উষাদেবী রাত্রিকৃত কৃষ্ণবর্ণ দূর করিয়াছেন। সুপ্ত প্রাণী-দিগকে জাগরিত করিয়া উষা অরুণ অশ্বযুক্ত রথে আগমন করিতেছেন।

উদীর্ধ্বং জীবো অসুর্ন আগাদপ
প্রাগাত্তম আ জ্যোতিরেতি।
আরৈক্পন্থাং যাতবে সূর্যাযাগন্মে
যত্র প্রতিরন্ত আয়ুঃ॥ ১।১১৩।১৬

হে মনুষ্যগণ, (শয্যা ত্যাগ করিয়া) ওঠো, আমাদিগের দেহের পরিচালক জীবন আসিয়াছেন। অন্ধকার গিয়াছে আলোক আসিয়াছে। উষা সূর্য্যের গমনের জন্য পথ করিয়া দিয়াছেন। যে স্থান অন্নদানে সমৃদ্ধ, সেই স্থানে আমরা গমন করিব।

৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এষা জনং দর্শতা বোধয়ন্তী সুগন্ পথঃ কৃণ্বতী যাত্যগ্রে।
বৃহদ্রথা বৃহতী বিশ্বমিন্বোষা জ্যোতির্যচ্ছত্যগ্রে অহ্নাম্ ॥
৫।৮০।২

মনোহারিণী ঊষা মনুষ্যকে প্রবোধিত করিয়া ও পথ সকল সুগম করিয়া বিস্তৃত রথে আরোহণ পূর্বক সূর্যের অগ্রে গমন করিতেছেন। মহতী বিশ্বব্যাপিনী ঊষা দিবসের আরম্ভে দীপ্তি বিস্তার করিয়াছেন।

এষা ব্যেনী ভবতি দ্বিবর্হা আবিষ্কৃণ্বানা তন্বং পুরস্তাৎ।
ঋতস্য পন্থামন্বেতি সাধু প্রজানতীব ন দিশো মিনাতি ॥
৫।৮০।৪

দুই প্রদেশে, ঊর্ধ্বে ও মধ্য-অন্তরীক্ষে অবস্থান করিয়া, এবং পূর্বদিক হইতে নিজ মূর্ত্তি প্রকাশিত করিয়া নিরতিশয় শুভ্রাকৃতি ঊষা সম্প্রতি ব্রহ্মাণ্ডকে প্রবোধিত করিয়া সম্যক্ রূপে আদিত্যের অনুসরণ করিতেছেন। তিনি দিক্ সকলের কোন হিংসা করিতেছেন না।

এষা শুভ্রা ন তন্বো বিদানোর্দ্ধেব স্নাতী দৃশয়ে নো অস্থাৎ।
অপ দ্বেষো বাধমানা তমাংস্যুষা দিবো দুহিতা জ্যোতিষাগাৎ ॥
৫।৮০।৫

তিনি সুবেশা রমণীর ন্যায় নিজ মূর্তি প্রকাশিত করিয়া এবং যেন স্নান হইতে উত্থিত হইয়া আমাদিগের নেত্র সমীপে উদিত হইতেছেন। স্বর্গকন্যা ঊষা দ্বেষভাজন তমোরাশি বিদূরিত করিয়া দীপ্তি সহকারে আগমন করিতেছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অজৈষ্মাদ্যাসনাম চাভূমানাগসো বয়ং।
উষো যস্মাদ্দুঃস্বপ্ন্যাদভৈষ্মাপ তত্তুচ্ছত্বনেহসো
ব ঊতয়ঃ সুঊতয়ো ব ঊতয়ঃ ॥ ৮।৪৭।১৮

আমরা অদ্য জয় করিব, আমরা অদ্য সুখ লাভ করিব, আমরা অদ্য অপাপ হইব। হে উষাদেবি, আমরা দুস্বপ্ন হইতে ভীত হইয়াছি, এই ভয় অপগত হউক। তোমরা রক্ষা করিলে উপদ্রব থাকে না, তোমাদের রক্ষাই সুরক্ষা।

উপ মা পেপিশত্তমঃ কৃষ্ণং ব্যক্তমস্থিত।
উষ ঋণেব যাতয় ॥ ১০।১২৭।৭

কৃষ্ণবর্ণ অন্ধকার স্পষ্ট লক্ষ্য হইয়া দেখা দিয়াছে। আমার নিকট পর্যন্ত আচ্ছন্ন করিয়াছে। হে উষাদেবি, আমার ঋণকে যেমন পরিশোধ করিয়া নষ্ট কর, সেইরূপ অন্ধকারকে নষ্ট কর।

॥ রাত্রি ॥

রাত্রী ব্যখ্যদায়তী পুরুত্রা দেব্য ক্ষভিঃ।
বিশ্বা অধি শ্রিয়োঽধিত। ১০।১২৭।১

রাত্রীদেবী আগমন করিয়া চতুর্দিকে বিস্তৃত হইয়াছেন। তিনি নক্ষত্র সমূহের দ্বারা অশেষ প্রকার শোভা সম্পাদন করিয়াছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ওর্বপ্রা অমর্ত্যা নিবতো দেব্যু দ্বতঃ।
জ্যোতিষা বাধতে তমঃ॥ ১০।১২৭।২

দেবীরূপিণী রাত্রীদেবী অতিশয় বিস্তার লাভ করিয়াছেন। নীচে যাঁহারা থাকেন, এবং যাঁহারা ঊর্ধ্বে থাকেন, সকলকেই তিনি আচ্ছন্ন করিলেন। তিনি আলোকের দ্বারা অন্ধকারকে নষ্ট করিয়াছেন।

নিরু স্বসারমস্কৃতোষসং দেব্যায়তী।
অপেদু হাসতে তমঃ॥ ১০।১২৭।৩

রাত্রীদেবী আসিয়া ঊষাকে আপন ভগিনীর ন্যায় পরিগ্রহ করিলেন। তিনি অন্ধকার দূরীভূত করিলেন।

সা নো অদ্য যস্যা বয়ং নি তে যামন্নবিক্ষ্মহি।
বৃক্ষে ন বসতিং বয়ঃ॥ ১০।১২৭।৪

পক্ষীরা যেন বৃক্ষে বসে গ্রহণ করে—যাঁহার আগমনে আমরা শয়ন করিয়াছি, সেই রাত্রি আমাদিগের শুভপ্রদায়িনী হউন।

নি গ্রামাসো অবিক্ষত নি পদ্বন্তো নি পক্ষিণঃ।
নি শ্যেনাসশ্চিদর্থিনঃ॥ ১০।১২৭।৫

গ্রাম সমূহ নিস্তব্ধ হইয়াছে ; পাদচারীরা, পক্ষীরা, শীঘ্রগামী শ্যেনগণ, সকলেই নিস্তব্ধ হইয়া শয়ন করিয়াছে।

যাবয়া বৃক্যং বৃকং যবয় স্তেনমূর্ম্যে।
অথা নঃ সুতরা ভব॥ ১০।১২৭।৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হে রাত্রি, বৃকী ও বৃককে আমাদিগের নিকট হইতে দূরে লইয়া যাও ; চোরকে দূরে লইয়া যাও। আমাদিগের পক্ষে বিশিষ্টরূপে শুভকরী হও।

উপ তে গা ইবাকরং বৃণীষ্ব দুহিতর্দিবঃ।
রাত্রি স্তোমং ন জিগ্যুষে॥ ১০।১২৭।৮

হে আকাশের কন্যা রাত্রি, তুমি যাইতেছ, তোমাকে গাভীর ন্যায় এই সমস্ত স্তব অর্পণ করিলাম, তুমি গ্রহণ কর।

॥ পর্জন্যদেব ॥

রথীব কশয়াশ্বাঁ অভিক্ষিপন্নাবির্দূতান্‌কৃণুতে বর্ষ্যাঁ অহ।
দূরাৎসিংহস্য স্তনথা উদীরতে যৎপর্জন্যঃ কৃণুতে বর্ষ্যং নভঃ॥
৫।৮৩।৩

রথী যেরূপ কশাঘাত দ্বারা অশ্বগণকে উত্তেজিত করিয়া যোদ্ধাকে নিজ দৃষ্টি পথের পথিক করে, পর্জন্যও সেইরূপ মেঘসকলকে অপসারিত করিয়া বারিবর্ষণকারী মেঘ সকলকে আবিষ্কার করেন। যৎকালে পর্জন্য বারিদসমূহ অন্তরীক্ষে ব্যাপ্ত করেন, তৎকালে সিংহবৎ মেঘের গর্জন দূর হইতে উদ্গত হয়।

['পর্জন্য' শব্দের আদি অর্থ মেঘ। পরে ইহার অর্থ বজ্রধারী ও বৃষ্টিধারী দেবতা হইল।]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্র বাতা বান্তি পতয়ন্তি বিদ্যুত
উদোষধীর্জিহতে পিন্বতে স্বঃ।
ইরা বিশ্বস্মৈ ভুবনায় জায়তে যৎপর্জন্যঃ
পৃথিবীং রেতসাবতি॥ ৫।৮৩।৪

যৎকালে পর্জন্য বৃষ্টিদ্বারা পৃথিবী রক্ষা করেন, তখন প্রবল বায়ু বহিতে থাকে, চতুর্দিকে বিদ্যুৎস্ফুরণ হয়, ওষধি সমূহ অঙ্কুরিত হয়। অন্তরীক্ষ বিগলিত হয় এবং পৃথিবী সমস্ত জীবের হিতসাধনে সমর্থ হয়।

যস্য ব্রতে পৃথিবী নন্নমীতি যস্য ব্রতে শফবজ্জর্ভুরীতি।
যস্য ব্রত ওষধীর্বিশ্বরূপাঃ স নঃ পর্জন্য
মহি শর্ম যচ্ছ॥ ৫।৮৩।৫

হে পর্জন্য, তোমারই কার্য্যবশতঃ পৃথিবী অবনত হয়, খুরবিশিষ্ট গবাদি পুষ্টিলাভ করে, এবং ওষধি সকল বিবিধ রূপ ধারণ করে। তুমি আমাদিগকে বিপুল সুখ প্রদান কর।

দিবো নো বৃষ্টিং মরুতো ররীধ্বং প্র
পিন্বত বৃষ্ণো অশ্বস্য ধারাঃ।
আর্বাঙেতেন স্তনয়িত্নুনেহ্যপো নিষিঞ্চন্নসুরঃ
পিতা নঃ॥ ৫।৮৩।৬

হে মরুদ্গণ, তোমরা অন্তরীক্ষ হইতে আমাদিগের জন্য বৃষ্টি প্রদান কর। বর্ষণকারী ও সর্বব্যাপী মেঘের ধারা ক্ষরণ কর। হে পর্জন্য, তুমি জল সেচন করিয়া এই গর্জনকারী মেঘের সহিত আমাদিগের অভিমুখে আগমন কর। তুমি বারিবর্ষক ও আমাদিগের রক্ষক।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অবর্ষীর্বর্ষমুদু ষূ গৃভায়াকর্ধন্বান্যত্যেতবা উ।
অজীজন ওষধীর্ভোজনায় কমুত প্রজাভ্যোঽবিদো
মনীষাম্। ৫।৮৩।১০

হে পর্জন্য, তুমি বর্ষণ করিয়াছ, এক্ষণে বৃষ্টি সংহরণ কর। তুমি মরুভূমি সকলকে সুগম্য করিবার জন্য জলযুক্ত করিয়াছ। তুমি মনুষ্যের ভোগের নিমিত্ত ওষধি সকল উৎপাদন করিয়াছ এবং লোকদিগের স্তুতিভাজন হইয়াছ।

॥ নানা দেবতা ॥

শং নো মিত্রঃ শং বরুণঃ শং নো ভবত্বর্যমা।
শং ন ইন্দ্রো বৃহস্পতিঃ শং নো বিষ্ণুরুরুক্রমঃ॥ ১।৯০।৯

মিত্র, বরুণ, অর্যমা, বৃহস্পতি, ইন্দ্র, বিস্তীর্ণপাদক্ষেপী বিষ্ণু আমাদের সুখকর হউন।

চিত্রং দেবানামুদগাদনীকং চক্ষুর্মিত্রস্য বরুণস্যাগ্নেঃ।
আপ্রা দ্যাবাপৃথিবী অন্তরিক্ষং সূর্য আত্মা
জগতস্তস্থুষশ্চ॥ ১।১১৫।১

বিচিত্র তেজঃপুঞ্জরূপ মিত্র, বরুণ ও অগ্নির চক্ষু স্বরূপ সূর্য উদয় হইয়াছেন। দ্যাবাপৃথিবী ও অন্তরীক্ষ স্বীয় কিরণে পরিপূর্ণ করিয়াছেন। সূর্য জঙ্গম ও স্থাবর সকলের আত্মাস্বরূপ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অদ্যা দেবা উদিতা সূর্যস্য নিরংহসঃ পিপৃতা নিরবদ্যাৎ।
তন্নো মিত্রো বরুণো মামহন্তামদিতিঃ সিন্ধুঃ
পৃথিবী উত দ্যৌঃ॥ ১।১১৫।৬

হে দেবগণ, অদ্য সূর্যের উদয়ে আমাদিগকে পাপ হইতে মুক্ত কর। মিত্র, বরুণ, অদিতি, সিন্ধু, পৃথিবী ও আকাশ আমাদের রক্ষা করুন।

ইন্দ্রং মিত্রং বরুণমগ্নিমাহুরথো
দিব্যঃ স সুপর্ণো গরুত্মান্।
একং সদ্বিপ্রা বহুধা বদন্ত্যগ্নিং
যমং মাতরিশ্বানমাহুঃ॥ ১।১৬৪।৪৬

মেধাবিগণ ইঁহাকে (আদিত্যকে) ইন্দ্র, মিত্র, বরুণ ও অগ্নি বলিয়া থাকেন। ইনি পক্ষবিশিষ্ট ও সুন্দর গমনশীল। ইনি এক হইলেও বহু বলিয়া বর্ণিত হন। ইঁহাকে অগ্নি, যম ও মাতরিশ্বা বলা হয়।

[বেদে 'বিষ্ণু' অর্থে আদিত্য, অর্থাৎ সূর্য। আদিত্য 'গরুত্মান্' বা পক্ষবান্, এই বৈদিক উক্তি হইতে পুরাণে বিষ্ণুর বাহন গরুড়পক্ষী কল্পিত হইয়াছে।]

স্বস্তি নো মিমীতামশ্বিনা ভগঃ স্বস্তি দেব্যদিতিরনর্বণঃ।
স্বস্তি পূষা অসুরো দধাতু নঃ স্বস্তি দ্যাবাপৃথিবী সুচেতুনা॥
৫।৫১।১১

অশ্বিদ্বয় আমাদের অক্ষয় কল্যাণ বিধান করুন। ভগ ও দেবী অদিতি আমাদের অক্ষয় কল্যাণ বিধান করুণ। অপ্রতিহত প্রভাব অসুর* পূষা আমাদিগের অক্ষয় কল্যাণ বিধান করুণ। বিশিষ্ঠ জ্ঞানসম্পন্ন দ্যাবাপৃথিবী (পৃথিবী ও স্বর্গ) আমাদের মঙ্গল করুণ।

[* ঋগ্বেদে, 'অসুর' শব্দের অর্থ বলবান্ বা প্রাণবান্]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বস্তয়ে বায়ুমুপ ব্রবামহৈ সোমং স্বস্তি ভুবনস্য যস্পতিঃ।
বৃহস্পতিং সর্বগণং স্বস্তয়ে স্বস্তয় আদিত্যাসো ভবন্তুনঃ॥
৫।৫১।১২

আমরা কল্যাণ কামনা করিয়া বায়ু ও জগৎরক্ষক সোমের* স্তব করিতেছি। আমরা মঙ্গল কামনায় সমস্ত দেবগণের সহিত বৃহস্পতির স্তব করিতেছি। আদিত্যগণ অমাদের কল্যাণ বিধান করুন।

[* সোম—শাস্ত্রসম্মত উত্তেজক পানীয়। সোমলতা নামে এক প্রকার লতা পাথরে ছেঁচিয়া উহার রস বাহির করা হইত। ঐ রস ঋষিরা দুগ্ধ প্রভৃতির সহিত মিশাইয়া পান করিতেন ও সোম-দেবতার অর্চনা করিতেন। সোম, পরে চন্দ্র-দেবতায় পরিণত হইয়াছেন।]

বিশ্বে দেবা নো অদ্যা স্বস্তয়ে বৈশ্বানরো বসুরগ্নিঃ স্বস্তয়ে।
দেবা অবন্ত্বৃভবঃ স্বস্তয়ে স্বস্তি নো রুদ্রঃ পাত্বংহসঃ॥
৫।৫১।১৩

সমস্ত দেবগণ কল্যাণবিধানার্থ আমাদিগকে রক্ষা করুন। মানবগণের হিতকারী গৃহদাতা অগ্নি কল্যাণবিধানার্থ আমাদিগকে রক্ষা করুন। দীপ্তিমান্ ঋভুগণ কল্যাণবিধানার্থ আমাদিগকে রক্ষা করুন, রুদ্র কল্যাণবিধানার্থ আমাদিগকে পাপ হইতে রক্ষা করুন।

স্বস্তি মিত্রাবরুণা স্বস্তিপথ্যে রেবতি।
স্বস্তি ন ইন্দ্রশ্চাগ্নিশ্চ স্বস্তি নো অদিতে কৃধি॥ ৫।৫১।১৪

হে মিত্র ও বরুণ, আমাদিগকে মঙ্গল কর। হে পথ্যারেবতী* আমাদিগের মঙ্গল কর। হে ইন্দ্র ও অগ্নি আমাদিগের মঙ্গল কর। হে অদিতি আমাদিগের মঙ্গল কর।

[*পন্থা—অন্তরীক্ষ পথের অধীশ্বরী দেবী; রেবতী—ধনের অধীশ্বরী দেবী]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বস্তি পন্থামনু চরেম সূর্যাচন্দ্রমসাবিব।
পুনর্দদতাঘ্নতা জানতা সং গমেমহি ॥ ৫।৫১।১৫

আমরা যেন সূর্য্য ও চন্দ্রের ন্যায় নির্বিঘ্নে আমাদিগের পথে বিচরণ করি। আমরা যেন উপকার পরিশোধকারী, কৃতজ্ঞ ও অসন্দিগ্ধচিত্ত বন্ধুগণের সহিত মিলিত হই।

দ্যৌষ্পিতঃ পৃথিবি মাতরধ্রুগগ্নে ভ্রাতর্বসবো মৃলতা নঃ।
বিশ্ব আদিত্যা অদিতে সজোষা অস্মভ্যং শর্ম বহুলং
বি য়ন্ত ॥ ৬।৫১।৫

হে জনক স্বর্গ, জননী পৃথিবী, ভ্রাতা অগ্নি ও বসুগণ তোমরা আমাদিগকে সুখী কর। হে অদিতি পুত্রগণ ও অদিতি, তোমরা সমবেত হইয়া আমাদিগকে সমধিক সুখ প্রদান কর।

দিবস্পৃথিব্যোরব আ বৃণীমহে মাতৄন্ত্সিন্ধূন্-
পর্বতাঞ্ছর্যণাবতঃ।
অনাগাস্তং সূর্য মুষাসমীমহে ভদ্রং সোমঃ সুবানো
অদ্যা কৃণোতু নঃ ॥ ১০।৩৫।২

প্রার্থনা করি দ্যাবাপৃথিবী যেন আমাদিগকে রক্ষা করেন, জননী-তুল্য নদীগণ এবং নির্ঝরধারী পর্বতগণ যেন আমাদিগকে রক্ষা করেন। সূর্য ও উষা দেবীর নিকট প্রার্থনা করি, আমরা যেন অপরাধী না হই। যে সোমকে প্রস্তুত করা হইতেছে, তিনি যেন আমাদিগের মঙ্গল করেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্যাবা নো অদ্য পৃথিবী অনাগসো মহী ত্রায়েতাং
স্তুবিতায় মাতরা।
উষা উচ্ছন্ত্যপ বাধতামঘং স্বস্ত্যগ্নিং সমিধানমীমহে।।
১০।৩৫।৩

দ্যাবা ও পৃথিবী আমাদিগের মাতৃতুল্য, আমরা যেন এই দুই মহতী দেবতার নিকট নিরপরাধ থাকি, তাঁহারা যেন আমাদিগের সুখ বিধান করেন। উষাদেবী যেন আমাদিগের পাপ মুছিয়া লয়েন এবং পাপ নষ্ট করেন। প্রজ্বলিত অগ্নির নিকট আমরা কল্যাণ ভিক্ষা করি।

ইয়ং ন উস্রা প্রথমা সুদেব্যং রেবৎসনিভ্যো রেবতী ব্যুচ্ছতু।
আরে মন্যুং দুর্বিদত্রস্য ধীমহি স্বস্ত্যগ্নিং সমিধানমীমহে॥
১০।৩৫।৪

এই যে উষাদেবী, যিনি ধন দানকারিণী এবং যিনি সর্বশ্রেষ্ঠ গাভীর ন্যায়, তিনি আমাদিগকে উত্তম ধন বিতরণ করুন, আমরা তাহা ভোগ করিয়া লই। আমরা যেন দুষ্ট লোকের কোপ হইতে দূরে থাকি। প্রজ্বলিত অগ্নির নিকট আমরা কল্যাণ ভিক্ষা করি।

প্র যাঃ সিস্রতে সূর্যস্য রশ্মিভির্জ্যোতির্ভরন্তীরুষসো ব্যুষ্টিষু।
ভদ্রা নো অদ্য শ্রবসে ব্যুচ্ছত স্বস্ত্যগ্নিং সমিধানমীমহে॥
১০।৩৫।৫

যে সকল উষা সূর্যকিরণের সহিত মিলিত হইয়া আলোক ধারণ পূর্বক অন্ধকারকে অপসারিত করেন, তাঁহারা অদ্য আমাদিগকে অন্ন দান করুন। প্রজ্বলিত অগ্নির নিকট আমরা কল্যাণ ভিক্ষা করি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনমীবা উষস আ চরন্তু ন উদগ্নয়ো
জিহতাং জ্যোতিষা বৃহৎ।
আয়ুক্ষাতামশ্বিনা তূতুজিং রথং
স্বস্ত্যগ্নিং সমিধানমীমহে॥ ১০।৩৫।৬

উষা যেন আমাদিগের আরোগ্যসম্পন্ন হইয়া উপস্থিত হন, বিপুল জ্যোতিঃসহকারে অগ্নিগণ উদয় হউন। অশ্বিদ্বয় শীঘ্রগামী রথ যোজনা করিয়াছেন। প্রজ্বলিত অগ্নির নিকট আমরা কল্যাণ ভিক্ষা করি।

তন্নো দেবা যচ্ছত সুপ্রবাচনং ছর্দিরাদিত্যাঃ
ভরং নৃপায্যং।
পশ্বে তোকায় তনয়ায় জীবসে
স্বস্ত্যগ্নিং সমিধানমীমহে॥ ১০।৩৫।১২

হে দেবগণ, তোমাদের যজ্ঞের সাফল্য আজ্ঞা কর। হে আদিত্যগণ, ধন পরিপূর্ণ রাজযোগ্য গৃহ দান কর। আমাদের পশু, পুত্র পৌত্র ও পরমায়ু সকল বিষয়ে আমরা প্রজ্বলিত অগ্নির নিকট কল্যাণ কামনা করি।

বিশ্বে অদ্য মরুতো বিশ্ব ঊতী বিশ্বে ভবন্ত্বগ্নয়ঃ সমিদ্ধাঃ।
বিশ্বে নো দেবা অবসা গমন্তু বিশ্বমস্তু দ্রবিণং
বাজো অস্মে॥ ১০।৩৫।১৩

মরুদ্গণ আমাদিগকে সর্ববিষয়ে রক্ষা করুন। যাবতীয় অগ্নি প্রজ্বলিত হউন। যাবতীয় দেবতা আমাদিগকে রক্ষা করিবার জন্য আগমন করুন। সর্বপ্রকার অন্ন ও সম্পত্তি আমাদিগের লাভ হউক।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্যৌশ্চ নঃ পৃথিবী চ প্রচেতস ঋতাবরী
রক্ষতামংহসো রিষঃ।
মা দুর্বিদত্রা নির্ঋতির্ন ঈশত
তদ্দেবানামবো অদ্যা বৃণীমহে ॥ ১০।৩৬।২

প্রশস্ত, চিত্তবতী ও যজ্ঞের অধিষ্ঠাত্রীস্বরূপা দ্যাবাপৃথিবী আমাদিগকে পাপ হইতে পরিত্রাণ করুন, শত্রুর হস্ত হইতে রক্ষা করুন। দুষ্টাশয়া নির্ঋতি (ধ্বংসের দেবতা) যেন আমাদিগের উপর আধিপত্য করিতে না পারেন। আমরা দেবতাদিগের নিকট বিশিষ্ট রক্ষা ভিক্ষা করি।

বিশ্বস্মান্নো অদিতিঃ পাত্বংহসো
মাতা মিত্রস্য বরুণস্য রেবতঃ।
স্বর্বজ্জ্যোতিরবৃকং নশীমহি
তদ্দেবানামবো অদ্যা বৃণীমহে ॥ ১০।৩৬।৩

ধনশালী মিত্র ও বরুণের জননী ও অদিতিদেবী তাবৎ পাপ হইতে আমাদিগকে রক্ষা করুন। আমরা যেন সর্বপ্রকার অবিনাশী জ্যোতিঃ লাভ করি। আমরা দেবতাদিগের নিকট বিশিষ্ট রক্ষা ভিক্ষা করি।

মহো অগ্নেঃ সমিধানস্য শর্ম্মণ্যনাগা মিত্রে বরুণে স্বস্তয়ে।
শ্রেষ্ঠে স্যাম সবিতুঃ সবীমনি তদ্দেবানামবো অদ্যা বৃণীমহে ॥
১০।৩৬।১২

প্রজ্বলিত অগ্নির নিকট আমরা যেন বিশিষ্ট সুখ লাভ করি। মিত্র ও বরুণের নিকট অপরাধী না হইয়া আমরা যেন কল্যাণ প্রাপ্ত হই। সূর্য যেন আমাদিগকে সর্বোৎকৃষ্ট শান্তি দান করেন। দেবতাদিগের নিকট বিশিষ্ট রক্ষা ভিক্ষা করি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তং নো দ্যাবাপৃথিবী তন্ন আপ ইন্দ্রঃ
শৃণ্বন্তু মরুতো হবং বচঃ।
মা শূনে ভূম সূর্যস্য সন্দৃশি ভদ্রং
জীবন্তো জরাণামশীমহি ॥ ১০।৩৭।৬

দ্যাবাপৃথিবী, জলগণ, ইন্দ্র এবং মরুদ্গণ আমাদিগের আহ্বানবাক্য শ্রবণ করুন। সূর্যের কৃপাদৃষ্টি থাকিতে আমরা যেন দুঃখভাগী না হই। আমরা যেন দীর্ঘজীবী হইয়া বৃদ্ধাবস্থা পর্যন্ত সৌভাগ্যশালী থাকি।

অস্মাকং দেবা উভয়ায় জন্মনে শর্ম যচ্ছত
দ্বিপদে চতুষ্পদে।
অদৎপিবদূর্জয়মানমাশিতং তদস্মে শং যোররপো
দধাতন ॥ ১০।৩৭।১১

হে দেবগণ, আমাদিগের অধিকারভুক্ত দ্বিপদ ও চতুষ্পদ যে দুইপ্রকার প্রাণী আছে তাহাদের সকলকে তোমরা সুখী কর। সকল প্রাণীই আহার করুক, পান করুক, হৃষ্টপুষ্ট হউক, বলিষ্ঠ হউক এবং আমাদিগের সংসর্গে তাহারা অবিচ্ছিন্ন স্বচ্ছন্দতা লাভ করুক।

মম দেবা বিহবে সন্তু সর্ব ইন্দ্রবন্তো মরুতো বিষ্ণুরগ্নিঃ।
মমান্তরিক্ষমুরুলোকমস্তু মহ্যং বাতঃ পবতাংকামে অস্মিন্ ॥
১০।১২৮।২

ইন্দ্রাদি তাবৎ দেবতা মরুদ্গণ, বিষ্ণু ও অগ্নি যুদ্ধের সময় আমার পক্ষে থাকুন। আকাশস্বরূপ বিস্তীর্ণ ভুবন আমার পক্ষে হউক। আমার উপস্থিত প্রার্থনা বিষয়ে বায়ু আমার অনুকূল হইয়া আমাকে পবিত্র করুন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইমা কং ভুবনা সীষধামেন্দ্রশ্চ বিশ্বে চ দেবাঃ ॥

১০।১৫৭।১

এই সমস্ত ভুবন হইতে আমরা যেন সুখের উপায় করিতে পারি। ইন্দ্র ও তাবৎ দেবতা সেই উপায় করিয়া দিন।

যজ্ঞং চ নস্তন্বং চ প্রজাং চাদিত্যৈরিন্দ্রঃ সহ চীকৃপাতি ॥

১০।১৫৭।২

ইন্দ্র ও আদিত্যগণ মিলিত হইয়া, আমাদিগের যজ্ঞ, দেহ ও সন্তান-সন্ততিকে নিরুপদ্রব করিয়া দিন।

আদিত্যৈরিন্দ্রঃ সগণো মরুদ্ভিরস্মাকং ভূত্ববিতা তনূনাং ॥

১০।১৫৭।৩

ইন্দ্র আদিত্যদিগকে ও মরুদ্‌গণকে সহকারী স্বরূপ লইয়া আমাদিগের দেহের রক্ষাকর্ত্তা হউন।

সূর্যো নো দিবাস্পাতু বাতো অন্তরিক্ষাৎ।
অগ্নির্নঃ পার্থিবেভ্যঃ ॥ ১০।১৫৮।১

সূর্য আমাদিগকে স্বর্গের উপদ্রব হইতে, বায়ু আকাশের উপদ্রব হইতে এবং অগ্নি পৃথিবীর উপদ্রব হইতে রক্ষা করুন।

জোষা সবিতর্যস্য তে হরঃ শতং সবাঁ অর্হতি।
পাহি নো দিদ্যুতঃ পতন্ত্যাঃ ॥ ১০।১৫৮।২

হে সবিতা, আমাদিগের পূজা গ্রহণ কর। তোমার যে তেজঃ তাহার উদ্দেশ্যে একশত যজ্ঞ অনুষ্ঠান করা উচিত, শত্রুদিগের যে সমস্ত উজ্জ্বল অস্ত্র আসিয়া পড়িতেছে, তাহা হইতে আমাদিগকে রক্ষা কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

